পঞ্চকাল চক্র

আগমনকাল

আহ্বান সঙ্গীত

১৬ই ডিসেম্বর পর্যন্ত

ধুয়ো : রাজারূপে আসবেন প্রভু ;
এসো, প্রণিপাত করি।

বিকল্প

ধুয়ো : দেখ, রাজা আসছেন ;
এসো, আমাদের ত্রাণকর্তাকে বরণ করতে ছুটে যাই।

১৭ই–২৩শে ডিসেম্বর

ধুয়ো : প্রভু কাছে এসে গেছেন ;
এসো, প্রণিপাত করি।

২৪শে ডিসেম্বর

ধুয়ো : আজ তোমরা জানতে পারবে যে প্রভু আসছেন ;
প্রভাতেই দেখতে পাবে তাঁর গৌরব।

জাগরণীতে স্তোত্র

১৬ই ডিসেম্বর পর্যন্ত

১। পরম বাণী, পুণ্য পিতার
বক্ষস্থলবহির্ভূত,
মানুষ হয়ে হলে তুমি
কালের নিয়ম-বশীভূত।

২। মোদের মন উদ্বুদ্ধ কর,
তব প্রেমে অন্তর জ্বলুক,
ক্ষয়প্রাপ্ত সংসার ত্যাগে
স্বর্গের বাঞ্ছায় হৃদি ভরুক।

৩। শেষ বিচারে বিচারপতি
পাপীর দন্ড দেবেন যখন,
তোমার কাছে মোদের ডাকতে
যেন কণ্ঠ শুনি তখন।

৪। অগ্নিকুন্ডের শাস্তি হতে
তব কৃপায় পাব মুক্তি,
ঈশ্বরের সম্মুখে মোরা
দিব্য সুখে পাব তৃপ্তি।

৫। পিতা, পুত্র, পবিত্রাত্মা
এক অভিন্ন ঈশ্বরত্ব,
যুগযুগব্যাপী গাইব মোরা :
ধন্য ধন্য পরম ত্রিত্ব। (১০ম শতাব্দী)

১৭ই–২৪শে ডিসেম্বর

১। এসো, মহান বিশ্বত্রাতা,
সুকুমারীর গর্ভ হতে ;
হবার হচ্ছে নবসৃষ্টি :
সাধ্যের অতীত যে!

৪। বাসর হতে বের হোন তিনি
মিলনকক্ষ প্রস্থান করুন,
মুক্তির পথে ছুটে আসুন
রাজার রাজা হে।

২। নরের সত্যি সাধ্য নেই,
কেবল আত্মার সর্বশক্তি:
ঐশবাণী হলেন মাংস,
পুণ্য গর্ভের ফল।

৩। পুণ্যতমা সুকুমারী
গর্ভবতী হলে তুমি,
শুচিশুভ্র মন্দিরগৃহে
ঈশ্বরের প্রবেশ।

৫। পিতার মত নিত্য তুমি,
মোদের দেহের ক্ষত মুছতে
মোদের মাংসের জয়চিহ্ন
কর পরিধান।

৬। সেই গোশালা এখন থেকেই
দিব্য জ্যোতিতে ভূষিত;
রাত্রি দ্বারা নিভবে না কো
বিশ্বাসের প্রদীপ।

৭। পিতা, পুত্র, পবিত্রাত্মা
এক অভিন্ন ঈশ্বরত্ব,
যুগযুগব্যাপী গাইব মোরা:
ধন্য ত্রিত্ব হে। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

প্রভাতী বন্দনায় স্তোত্র

১৬ই ডিসেম্বর পর্যন্ত

১। এই যে, কণ্ঠস্বর এবার ডাকিছে,
ঘোচে তমসা সেই সুরে:
দূরে পলায়ন যত স্বপনের:
ঊর্ধ্বে দেখ, শ্রীযীশু হে।

২। জাগ হৃদয় মম, সংসারে
আর আকৃষ্ট না হয়ো রে:
সূর্য আকাশে কত কী উজ্জ্বল,
যত অপকার হরে সে।

৩। দেখ! মেষশিশু প্রেরিত হইছেন
করতে পরিশোধ মোদের ঋণ:
এসো, সকলে অশ্রু ফেলি রে,
ক্ষমা চাইতে আসি হে।

৪। পুনরাগমন করবেন যখনই
করবেন যখন বিশ্ববিচার,
তখন অপরাধ ক'রে মার্জনা
করুন দয়ালু পরিত্রাণ।

৫। জয় পিতার, জয় পুত্রের,
জয় সান্ত্বনাদাতার হে;
করুক সর্বজন তব জয়রব,
ধন্য ত্রিত্ব যুগযুগ ধরে। (১০ম শতাব্দী)

১৭ই–২৪শে ডিসেম্বর

১। নবীরা মুক্তকণ্ঠে
ভবিষ্যদ্বাণী দিলেন:
শ্রীযীশু আসবেন একদিন
মানুষকে করতে উদ্ধার।

৩। আগমন একবার হল:
সংসারের দন্ড গেল!
পাপীদের ক্ষত সারা,
মৃতরা জীবন পেল।

৪। আগমন এবার বলে:
'উপস্থিত খ্রীষ্ট দ্বারে,
ধার্মিককে দেবেন মুকুট,
গ্রহিবেন স্বর্গধামে।'

২। এখন সেই দিনের উদ্ভাস,
হৃদয় হর্ষে ভরে,
মহিমার প্রতিশ্রুতি
ধ্বনিত ঘরে ঘরে।

৫। চিরন্তন মুক্তি পাব,
শাশ্বত জ্যোতি তখন!
দীপ্যমান দিব্য সুখে
ডাকিছে স্বর্গ এখন।

৬। তোমাকে, খ্রীষ্ট প্রভু,
চাইছি দেখতে সদা;
চাইছি তব স্তুতি
অনুক্ষণ গাইতে মোরা।

৭। পিতা ও আত্মার সঙ্গে
শ্রীখ্রীষ্ট হোন বন্দিত ;
স্বর্গীয় পরম ত্রিত্ব
নিরন্তর হোন পূজিত।

পূর্বাহ্ণ প্রহরে স্তোত্র

১। হৃদির গোপন গুহার মাঝে
পিতা ও পুত্র সহ,
মোদের একত্রিত করতে
এসো, পরম পবন।

২। মোদের চিন্তা কথা কর্মে
তব স্তুতি জাগুক ;
মোদের দিব্য প্রেমের শিখায়
সবার হৃদি জ্বলুক।

৩। পিতা ও পুত্রের কথা যেন
জানি তোমার দ্বারা,
তুমি যে উভয়ের আত্মা
বিশ্বাস করব মোরা। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : তৃতীয় ঘণ্টা পালন ক'রে ; পৃঃ ৪৩৬।

মধ্যাহ্ন প্রহরে স্তোত্র

১। ঋতুচক্রের সৎ নিয়ন্তা,
জগৎ এতে তৃপ্ত :
প্রভাত কর আলোময়,
দুপুর অগ্নিদীপ্ত।

২। উষ্ণ বিবাদ নিবাও তুমি,
ঘোচাও যত ভ্রান্তি ;
দেহে সঞ্চার কর স্বস্তি,
হৃদে পরম শান্তি।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে ; পৃঃ ৪৩৭।

অপরাহ্ণ প্রহরে স্তোত্র

১। বিশ্বসৃষ্টির পরম নির্ভর,
তোমায়, প্রভু, স্থিতি ;
দিনে তো নির্ধারণ কর
ভিন্ন ভিন্ন জ্যোতি।

২। সন্ধ্যায় এমন জ্যোতি দিও
যাতে জীবন নিত্য,
যাতে পুণ্য মৃত্যুর ফলে
চিরগৌরব প্রাপ্য।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প : নবম ঘণ্টায়, এসো, করি ; পৃঃ ৪৩৮।

সন্ধ্যারতিতে স্তোত্র

১৭ই ডিসেম্বর পর্যন্ত

১। চন্দ্র-তারার মহান স্রষ্টা,
ভক্তদের শাশ্বত জ্যোতি,
জগৎত্রাতা ওগো যীশু,
দাসদের শোন গো মিনতি।

২। শয়তানের ছলন দ্বারা
জগৎ পাছে হারায় জীবন,
ব্যাধিগ্রস্ত বিশ্বের প্রেমে
হলে তার পতিতপাবন।

৩। বিশ্বপাপ মোচনের জন্য
কুমারীর পুণ্যস্থান হতে
ক্রুশের 'পরে গেলে তুমি
শুচিশুভ্র বলিরূপে।

৪। তব শ্রীনাম শোনামাত্র
স্বর্গ করে উল্লাসমাতন,
অধোলোকের যত প্রাণী
হাঁটু পেতে করে কাঁপন।

৫। শেষ দিবসের বিচারকর্তা,
তোমার কাছে করি ভিক্ষা:
ঐশকৃপাদানে মোদের
শত্রু হতে কর রক্ষা।

৬। এসো, পিতার করি স্তুতি,
করি পুত্রের জয়ধ্বনি,
সান্ত্বনাদাতার মহিমা
কীর্তন করুক সর্বজনই।

(৯ম শতাব্দী)

১৭ই–২৪শে ডিসেম্বর

১। পিতারই মুখনিঃসৃত
ত্রাণকারী বাণী যিনি,
তাঁকে, হে কন্যা, গর্ভে
সানন্দে কর বরণ।

২। জীবনের আত্মা করছেন
তোমাকে আচ্ছাদিতা:
পিতার সেই সমপুত্রের
গর্ভিণী হবে তুমি।

৩। হে পুণ্য মন্দিরতোরণ!
শুচি পবিত্র হয়ে
আসন্ন রাজার জন্য
খোল গো প্রবেশদুয়ার।

৪। হে যেরুসালেম কন্যা,
নবীদের অঙ্গীকৃত
যাঁর সংবাদ দূত দিয়েছেন,
ভূলোকে নামছেন প্রভু।

৫। আনন্দ করুক স্বর্গ,
মহোল্লাস করুক মর্ত:
পরাৎপর নত হয়ে
মৃতদের করবেন উদ্ধার।

৬। শ্রীখ্রীষ্ট, দয়াল রাজা,
শোন গো মোদের যাচনা;
পিতা ও আত্মার সঙ্গে
তব গৌরব যুগযুগ ধরে।

(১০ম শতাব্দী)

১ম–৪র্থ সপ্তাহ

রবিবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, তোমার এ ভক্তদের অন্তরে সদিচ্ছা জাগিয়ে তোল: শুভকর্মের মালা দিয়ে তোমার আসন্ন খ্রীষ্টকে অভ্যর্থনা জানাবার জন্য দৌড়িয়ে চ'লে তারা যেন একদিন তাঁর ডান পাশে একত্রিত হয়ে স্বর্গীয় রাজ্য উত্তরাধিকার রূপে পেতে পারে।

২য় সপ্তাহ: হে সর্বশক্তিমান করুণাময় ঈশ্বর, আমরা তোমার পুত্রকে অভ্যর্থনা জানাবার জন্য দ্রুতপদে এগিয়ে চলছি।আশীর্বাদ কর, যেন কোন পার্থিব বিষয়ে বিঘ্নিত না হই, বরং স্বর্গীয় প্রজ্ঞায় উদ্বুদ্ধ হয়ে যেন তাঁর সাহচর্য লাভ করতে পারি।

৩য় সপ্তাহ: হে ঈশ্বর, চেয়ে দেখ তোমার এ জনগণের দিকে যারা জাগ্রত বিশ্বাসের সঙ্গেই প্রভুর জন্মলগ্নের প্রতীক্ষায় রত আছে। আশীর্বাদ কর: পরিত্রাণ-মহারহস্য ভক্তিপূর্ণ অন্তরে অনুধ্যান করতে করতে আমরা যেন মনের আনন্দেই আসন্ন মহোৎসবে পৌঁছতে পারি।

৪র্থ সপ্তাহ : হে প্রভু, মিনতি জানাই : আমাদের অন্তরে তোমার অনুগ্রহ সঞ্চার কর, আমরা যারা দূত-সংবাদ দ্বারা তোমার পুত্র সেই খ্রীষ্টের দেহধারণের কথা জেনেছি, তাঁর যন্ত্রণাভোগ ও ক্রুশমৃত্যু গুণে যেন পুনরুত্থানের গৌরবে উপনীত হতে পারি।

১ম সন্ধ্যারতি

ধুয়োগুলোর জন্য প্রভাতী বন্দনার ব্যবস্থা অনুসরণীয়।

বাণী পাঠ **১ থে ৫:২৩-২৪**

স্বয়ং শান্তিবিধাতা ঈশ্বর পূর্ণমাত্রায় তোমাদের পবিত্র করে তুলুন। তোমাদের সমস্ত আত্মা, প্রাণ ও দেহ আমাদের প্রভু যীশুখ্রীষ্টের সেই আগমনের জন্য অনিন্দনীয় হয়ে রক্ষিত হোক। যিনি তোমাদের আহ্বান করেন, তিনি বিশ্বস্ত, যা করবেন বলে বললেন, তা অবশ্যই করবেন।

শ্লোক

℣ আমাদের দেখাও, প্রভু, * তোমার কৃপা।
℟ আমাদের দেখাও, প্রভু, * তোমার কৃপা।
℣ আমাদের দাও গো তোমার পরিত্রাণ,
℟ তোমার কৃপা।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমাদের দেখাও, প্রভু, * তোমার কৃপা।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : দেখ, * প্রভুর নাম দূর থেকে আসছে;
পৃথিবী তাঁর বিভায় পরিপূর্ণ।
২য় সপ্তাহ : এসো, প্রভু, * আমাদের কাছে শান্তিতে এসে দেখা দাও;
আমরা যেন নিখুঁত অন্তরে তোমার সামনে আনন্দ করতে পারি।
৩য় সপ্তাহ : আমার আগে * কোন ঈশ্বর ছিল না,
আমার পরেও অন্য ঈশ্বর থাকবে না।
প্রতিটি জানু আমার সম্মুখে আনত হবে,
প্রতিটি জিহ্বা আমার দিব্যি দিয়ে শপথ করবে।
৪র্থ সপ্তাহ : ১৭ই–২৩শে ডিসেম্বরের ব্যবস্থা পালনীয় পৃঃ ৭০…।

মিনতি নিবেদন

যারা খ্রীষ্টের ব্যাকুল প্রতীক্ষায় আছে, তিনি তাদের সকলের জন্য নিত্য আনন্দের উৎস। আসুন, তাঁর কাছে মিনতি নিবেদন করি :

এসো, প্রভু, আর দেরি নয়।

-হে অনাদি অনন্ত বাণী, তুমি যে বিশ্বসৃষ্টির আগেও পিতার সঙ্গে বিদ্যমান ঈশ্বর, এসো, এ যুগের মানুষকে পরিত্রাণ কর।

-হে বিশ্বস্রষ্টা, যা তুমি নিজেই সৃষ্টি করেছ, তোমার সেই সৃষ্টজীবদের ত্রাণ করতে শীঘ্রই এসো।

-হে আমাদের-সঙ্গে-ঈশ্বর, মৃত্যুর অধীন হয়ে প্রকৃত মানুষ হতে তুমি তো দ্বিধা করনি; এসো, প্রভু, মৃত্যুর কবল থেকে আমাদের মুক্ত কর।

-হে মানবত্রাতা, মানুষ যেন পূর্ণমাত্রায় জীবন পেতে পারে এজন্য তুমি এ জগতে এসেছিলে। এসো, তোমার ঐশজীবন আমাদের দান কর।

-হে গৌরবময় প্রভু, তুমি তো সকল মানুষকে তোমার শান্তিরাজ্যে আহ্বান কর। আমাদের পরলোকগত ভাইবোনদের উপর তোমার শ্রীমুখ উজ্জ্বল করে তোল।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

১ম ধুয়ো : দেখ, * মহাপ্রতাপে আসবেন মহান রাজা।
তিনি সাধন করবেন সর্বজাতির পরিত্রাণ। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : আনন্দ কর, * উল্লাস কর, যেরুসালেম কন্যা;
দেখ, তোমার রাজা তোমার কাছে আসছেন।
সিয়োন, ভয় করো না,
কারণ তোমার পরিত্রাণ এবার আসন্ন।
৩য় ধুয়ো : মহারাজার আগমনে * শুদ্ধ হোক মানবের অন্তর।
আসবেন তিনি, আর দেরি করবেন না।
ঃ তোমরা সোজা হয়ে দাঁড়াও, মাথা উচ্চ কর;
উঃ কেননা তোমাদের মুক্তি কাছে এসে গেছে।

২য় পর্ব

১ম ধুয়ো : ভীরুহৃদয়দের বল:
'শক্ত হও, ভয় করো না।
দেখ, আমাদের পরমেশ্বর আসছেন;
তিনি এসে আমাদের করবেন পরিত্রাণ।' আল্লেলুইয়া।
২য় ধুয়ো : আনন্দ কর, * উল্লাস কর, তোমরা সবাই।
দেখ, তোমাদের পরমেশ্বর আসছেন;
সঙ্গে নিয়ে আসছেন দন্ড ও পুরস্কার:
তিনি এসে তোমাদের করবেন পরিত্রাণ।
৩য় ধুয়ো : দেখ, * শীঘ্রই আসছি, বলছেন প্রভু:
যার যার কর্ম অনুযায়ী দেব প্রতিদান।
ঃ হে সেনাবাহিনীর পরমেশ্বর, আমাদের পুনঃপ্রতিষ্ঠিত কর;
উঃ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ।

৩য় পর্ব

১ম সপ্তাহ : সানন্দে চিৎকার কর, * উল্লাস কর, সিয়োন কন্যা,
কারণ আমি আসছি,
আমি বাস করব তোমার অন্তঃস্থলে,
একথা বলছেন প্রভু।
২য় সপ্তাহ : আসন্ন মেষশাবক বলে * যাঁর কথা যোহন বলেছিলেন,
আমাদের রাজা সেই খ্রীষ্ট আসবেন।
৩য় সপ্তাহ : প্রেরণ কর, প্রভু, * বিশ্বপতি সেই মেষশাবককে
প্রান্তরের শৈল থেকে সিয়োন কন্যার পর্বতে।
৪র্থ সপ্তাহ : কালের পূর্ণতা * এবার এসে গেছে:
ঈশ্বর আপন পুত্রকে জগতে প্রেরণ করলেন।

উত্তম পালকরূপে পরাৎপর পরমেশ্বর গীতিকা ইসা ৪০:১০-১৭

দেখ, আমি শীঘ্রই আসছি; সঙ্গে নিয়ে আসছি প্রতিদান (প্রত্যা ২২:১২)।

দেখ, প্রভু পরমেশ্বর মহাপরাক্রমে আসছেন,
আপন বাহুবলেই তিনি আধিপত্য করেন।
দেখ, তাঁর মজুরি আছে তাঁর সঙ্গে,
তাঁর আগে আগে চলছে তাঁর আপন পুরস্কার।

পালকের মত তিনি চরিয়ে বেড়ান তাঁর আপন পাল,
শাবকদের বাহুতে সংগ্রহ করেন;
কোলে করে তাদের বহন করেন,
দুগ্ধদাত্রী মেষিকাদের ধীরে ধীরেই চালনা করেন।

নিজ করতলে কেবা মেপেছে জলরাশি,
বিঘত দিয়ে নিরূপণ করেছে আকাশমণ্ডল?
এক পাত্রে কেবা ধরে রেখেছে পৃথিবীর ধুলা, †
দাঁড়িপাল্লায় ওজন করেছে পাহাড়পর্বত,
তুলাদণ্ডে উপপর্বত সকল?

প্রভুর আত্মাকে কেইবা দিয়েছে নির্দেশ,
কিংবা পরামর্শদাতা রূপে তাঁকে কেইবা দিয়েছে জ্ঞান?
এমন কার্ কাছেই বা তিনি পরামর্শ চাইলেন, †
সে যেন তাঁকে বুদ্ধি দেয় ও শেখায় ন্যায়পথ,
তাঁকে যেন জ্ঞানশিক্ষা দেয় ও দেখায় সদ্বিবেচনার পথ?

সত্যি, দেশগুলি কলসির এক জলবিন্দুরই মত,
তুলাদণ্ডে ধূলিকণার মতই গণ্য তারা;
সত্যি, পাতলা ধুলার মতই
তিনি তুলে ধরেন যত দ্বীপ।

লেবানন যথেষ্ট নয় ইন্ধনের জন্য,
তার যত পশুও যথেষ্ট নয় আহুতির জন্য।
তাঁর সামনে কিছুই তো নয় সকল দেশ,
তাঁর কাছে অসারের চেয়েও অসার আর শূন্যতা বলেই গণ্য তারা।

বিজয়ী ত্রাণেশ্বরের উদ্দেশে প্রশংসাগান গীতিকা ইসা ৪২:১০-১৬

পরমেশ্বরের সিংহাসনের সামনে তারা গাচ্ছিল এক নতুন গান (প্রত্যা ১৪:৩)।

প্রভুর উদ্দেশে গাও নতুন গান,
পৃথিবীর প্রান্তসীমা থেকে ধ্বনিত হোক তাঁর প্রশংসাগান;
তাঁর স্তুতিগান করুক সাগর ও তার গভীরে যা কিছু আছে,
দ্বীপপুঞ্জ ও তার যত অধিবাসী।

মেতে উঠুক প্রান্তর ও তার যত শহর, কেদারের যত বাসস্থান,
সেলা-বাসীরা আনন্দধ্বনি তুলুক, পর্বতচূড়া থেকে চিৎকার করুক।
তারা প্রভুতে আরোপ করুক গৌরব,
দ্বীপগুলিতে প্রচার করুক তাঁর প্রশংসাবাদ।

বীরের মত বেরিয়ে আসছেন প্রভু,

যোদ্ধার মত নিজ উদ্যোগ করেন উত্তেজিত,
জয়ধ্বনি করেন, রণনিনাদ তোলেন,
নিজ বীরত্ব দেখান শত্রুদের উপর।

বহুদিন ধরে আমি চুপ করে থাকলাম,
নীরব থাকলাম, নিজেকে সংযত রাখলাম ;
হাঁপ ধরে দীর্ঘশ্বাস ফেলে এখন
প্রসবিনী নারীর মত চিৎকার করব।

পর্বত-উপপর্বত উচ্ছন্ন করে দেব,
তাদের ঘাস শুষ্ক করে ফেলব ;
নদনদী দ্বীপপুঞ্জে পরিণত করব,
জলাশয় শুকিয়ে দেব।

আমি অন্ধ মানুষকে নিয়ে যাব তাদের অজানা পথে,
তাদের অজানা রাস্তায় তাদের চালনা করব ;
তাদের সামনে অন্ধকার আলোতে পরিণত করব,
অসমতল ভূমি করব সমতল।

প্রভুর দাসের মাধ্যমে ঐশপরিত্রাণদান গীতিকা ইসা ৪৯:৭-১৩

এতেই আমাদের প্রতি পরমেশ্বরের ভালবাসা প্রকাশিত হয়েছে, পরমেশ্বর তাঁর একমাত্র পুত্রকে জগতে প্রেরণ করেছেন, তাঁর দ্বারাই যেন আমরা জীবন পাই (যোহন ৪:৯)।

যে ব্যক্তির প্রাণ অবজ্ঞার পাত্র,
যে ব্যক্তি দেশগুলোর বিতৃষ্ণার বস্তু,
ক্ষমতাশালীদের সেই দাসের কাছে একথা বলছেন প্রভু,
ইস্রায়েলের মুক্তিসাধক, সেই পবিত্রজন :

রাজারা দেখে উঠে দাঁড়াবে, †
নেতৃবৃন্দ দেখে প্রণিপাত করবে,
তারা সেই প্রভুরই জন্য তা-ই করবে, বিশ্বস্ত যিনি,
তা-ই করবে ইস্রায়েলের সেই পবিত্রজনেরই জন্য,
যিনি তোমাকে বেছে নিলেন।

প্রভু একথা বলছেন,
প্রসন্নতার সময়ে তোমাকে দিয়েছি সাড়া,
তোমার সহায়তা করেছি পরিত্রাণের দিনে,
আমি তোমাকে গড়েছি, জনগণের জন্য সন্ধিরূপে তোমাকে নিযুক্ত করেছি,

তুমি যেন দেশের পুনরুত্থান সাধন কর,
যেন সেই উৎসন্ন সম্পদ পুনরধিকার কর,
তুমি যেন বন্দিদের বল, 'বেরিয়ে এসো,'
যারা অন্ধকারে রয়েছে, তাদের যেন বল, 'আলোতে এসো।'

তারা চরে বেড়াবে যত পথে,
গাছশূন্য সমস্ত পাহাড়ে পাবে চারণভূমি,
তারা কখনও ক্ষুধার্ত তৃষ্ণার্ত হবে না,
উত্তপ্ত বাতাস ও রোদ তাদের কখনও আঘাত করবে না।

কারণ যিনি তাদের প্রতি স্নেহশীল,
তিনি নিজেই তাদের চালনা করবেন,
তিনি তাদের চালিত করবেন
জলের উৎসধারার কূলে।

আমি সমস্ত পর্বত পথেই পরিণত করব,
আমার রাস্তা সকল উঁচু করা হবে।
ওই দেখ, এরা দূর থেকে আসছে; †
ওই দেখ, ওরা উত্তর ও পশ্চিম থেকে,
আবার ওরা আসুয়ান দেশ থেকে আসছে।

সানন্দে চিৎকার কর, আকাশমণ্ডল; পৃথিবী, মেতে ওঠ,
আনন্দচিৎকারে ফেটে পড়, পর্বতমালা,
কারণ প্রভু তাঁর আপন জনগণকে সান্ত্বনা দেন,
তাঁর দীনদুঃখীদের স্নেহ করেন।

১ম সপ্তাহ: সানন্দে চিৎকার কর, উল্লাস কর, সিয়োন কন্যা,
কারণ আমি আসছি,
আমি বাস করব তোমার অন্তঃস্থলে,
একথা বলছেন প্রভু।
২য় সপ্তাহ: আসন্ন মেষশাবক বলে যাঁর কথা যোহন বলেছিলেন,
আমাদের রাজা সেই খ্রীষ্ট আসবেন।
৩য় সপ্তাহ: প্রেরণ কর, প্রভু, বিশ্বপতি সেই মেষশাবককে
প্রান্তরের শৈল থেকে সিয়োন কন্যার পর্বতে।
৪র্থ সপ্তাহ: কালের পূর্ণতা এবার এসে গেছে:
ঈশ্বর আপন পুত্রকে জগতে প্রেরণ করলেন।

℣ তাঁর পবিত্রধাম থেকে বেরিয়ে আসবেন প্রভু;
℟ আসবেন আপন জাতিকে করতে পরিত্রাণ।

স্তোত্র

তুমি ঈশ্বর, তোমারই করি প্রশংসাগান,
তুমি প্রভু, তা-ই আমরা করি স্বীকার,
তুমি সনাতন পিতা,
তোমাকে নিখিল বিশ্ব করে পূজা।

স্বর্গীয় দূতবৃন্দ, ঊর্ধ্বলোকের শক্তিবাহিনী,
খেরুব ও সেরাফদূত নিত্য করেন প্রচার:
‘পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর,
স্বর্গমর্ত তোমার গৌরব ও মহিমায় পরিপূর্ণ।’

প্রেরিতদূতেরা গৌরবের কণ্ঠে,
নবীরা সমস্বরে,
সাদা কাপড় পরা সেই সাক্ষ্যমর সেনাদল
তোমারই স্তুতি করেন গান।

পবিত্র তোমার মণ্ডলী বিশ্বব্যাপী করে প্রচার :
‘হে পিতা, অসীম রাজমহিমা তোমার,
তোমার সত্যময় ও একমাত্র পুত্র সবারই পূজনীয়,
সহায়কই পবিত্র আত্মা।’

হে খ্রীষ্ট, তুমি গৌরবের রাজা,
পিতার সনাতন পুত্র তুমি,
তুমি মানুষকে মুক্তি দেবার জন্য
করনি উপেক্ষা কুমারীর গর্ভ।

তুমি মৃত্যুর অঙ্কুশ ক’রে জয়
বিশ্বাসীদের জন্য স্বর্গরাজ্য দিলে খুলে।
স্বর্গীয় গৌরবে পিতার ডান পাশেই সমাসীন তুমি,
তুমি আসবে—বিশ্বাস করি—বিচারকরূপে।

এসো, প্রভু, তোমার অমূল্য রক্তে যাদের করেছ মুক্ত,
এসো, তোমার এই জনগণের সহায় থেকো তুমি,
তোমার কৃপায় যেন নিখিল সাধুসাধ্বীর সঙ্গে
আমরাও শাশ্বত গৌরবের যোগ্য হয়ে উঠি।

বিকল্প অতিরিক্ত অংশ, পৃঃ ১০৬২। (৪র্থ শতাব্দী)

সুসমাচার ঘোষণা, পৃঃ ১০৬৩।

স্তোত্র

প্রশংসার যোগ্য,
স্তবস্তুতির যোগ্য,
গৌরবের যোগ্য,
তুমি যে ঈশ্বর, তুমি যে পিতা,
পবিত্রাত্মায় পুত্রের দ্বারা
যুগে যুগান্তে। আমেন, আমেন।

(৪র্থ শতাব্দী)

প্রভাতী বন্দনা

৪র্থ রবিবার ২৪শে ডিসেম্বর হলে সেই দিনটির বিশেষ ব্যবস্থাই অনুসরণীয়, পৃঃ ৯১।

১ম সপ্তাহ

১ম ধুয়ো : সেইদিন * পাহাড়পর্বত বেয়ে গড়িয়ে পড়বে মিষ্টি আঙুররস ;
উপপর্বত বেয়ে গড়িয়ে পড়বে দুধ ও মধু। আল্লেলুইয়া।

২য় ধুয়ো : সিয়োন কন্যা, * মহা উল্লাসে মেতে ওঠ ;
সানন্দে চিৎকার কর, যেরুসালেম কন্যা। আল্লেলুইয়া।

৩য় ধুয়ো : দেখ, * প্রভু আসছেন ; তাঁর সকল পবিত্রজনও আসছেন তাঁর সঙ্গে ;
সেদিন হবে মহাজ্যোতির উদ্ভাস। আল্লেলুইয়া।

৪র্থ ধুয়ো : পর্বত-উপপর্বত * প্রভুর সামনে তাঁর প্রশংসাগান করবে ;
বনের যত গাছপালা করতালি দেবে ;
কারণ শাসনকর্তা প্রভু
শাশ্বত রাজ্যে আসছেন। আল্লেলুইয়া।

৫ম ধুয়ো : দেখ, * মহানবী আসছেন ;
তিনি যেরুসালেম নবীভূত করবেন। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ

১ম ধুয়ো : দেখ, * আকাশের মেঘবাহনে চড়ে
প্রভু মহাপ্রতাপে আসবেন। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : ঈশ্বরের নগরী, * তুমি আমাদের শক্তি !
স্বয়ং পরিত্রাতাই তোমার প্রাচীর, তোমার প্রাকার-বেষ্টনী।
খুলে দাও নগরদ্বার !
পরমেশ্বর যে আমাদের সঙ্গে আছেন। আল্লেলুইয়া।
৩য় ধুয়ো : দেখ, * প্রভু সত্যি আসবেন !
তিনি বিলম্ব করলে তুমি তাঁর প্রতীক্ষায় থাক,
কারণ তিনি আসবেন,
দেরি করবেন না। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো : পর্বত-উপপর্বত * প্রভুর সামনে তাঁর প্রশংসাগান করবে ;
বনের যত গাছপালা করতালি দেবে ;
কারণ শাসনকর্তা প্রভু
শাশ্বত রাজ্যে আসছেন। আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : দেখ, * আমাদের প্রভু মহাশক্তিতে আসবেন ;
তাঁর দাসদের চোখে তিনি জাগাবেন আলো। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ

১ম ধুয়ো : প্রভু আসবেন, * আর দেরি করবেন না :
অন্ধকারের গোপনতা তিনি আলোকিত করবেন ;
সর্বজাতির কাছে আত্মপ্রকাশ করবেন। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : যেরুসালেম, * আনন্দ কর, মেতে ওঠ !
পরিত্রাতা তোমার কাছে আসছেন। আল্লেলুইয়া।
৩য় ধুয়ো : আমি * সিয়োনে মঞ্জুর করব পরিত্রাণ,
যেরুসালেমে আমার গৌরব। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো : পর্বত-উপপর্বত * নিচু হবে,
বাঁকা পথ সোজা হবে,
অসমতল রাস্তা হবে সমতল।
এসো, প্রভু, আর দেরি করো না। আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : আমি প্রভু ! * আমি আমার ধর্মময়তা কাছে নিয়ে আসছি,
তা দূরে নয়, আমার পরিত্রাণ দেরি করবে না।

৪র্থ সপ্তাহ

১ম ধুয়ো : সিয়োনে তুরি বাজাও, * প্রভুর দিন যে সন্নিকট।
দেখ, তিনি আমাদের ত্রাণ করতে আসবেন। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : দেখ, * তিনি আসবেন যিনি সর্বজাতির আকাঙ্ক্ষিত ;
প্রভুর গৃহ গৌরবে পরিপূর্ণ হবে। আল্লেলুইয়া।
৩য় ধুয়ো : অসমতল ভূমি * হোক সমতল,
শৈলশিরা হোক সমভূমি।

৪র্থ ধুয়ো : প্রভু আসছেন ! * তাঁর কাছে ছুটে গিয়ে বল :
'তাঁর উদ্ভব মহান, তাঁর রাজ্য হবে অন্তহীন :
ঈশ্বর, শক্তিশালী, শাসনকর্তা, শান্তিরাজ,
আল্লেলুইয়া, আল্লেলুইয়া।'
৫ম ধুয়ো : তোমার * সর্বশক্তিমান বাণী, প্রভু,
রাজাসন ছেড়ে পৃথিবীতে আসবেন। আল্লেলুইয়া।

বাণী পাঠ রো ১৩:১১-১২

এখন তো তোমাদের ঘুম থেকে জেগে ওঠারই লগ্ন। কেননা সেই যেদিন আমরা প্রথমে বিশ্বাস করেছিলাম, তখনকার চেয়ে আমাদের পরিত্রাণ এখন কাছেই এসে গেছে। রাত শেষ হয়ে যাচ্ছে, দিন কাছে এসে গেছে। তাই অন্ধকারের কাজকর্ম পরিত্যাগ ক'রে, এসো, আলোরই উপযোগী রণসজ্জা পরিধান করি।

শ্লোক

প্র হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
উ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
প্র তুমি এই জগতে আগমন করবে।
উ আমাদের প্রতি দয়া কর।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ

ক। মনপরিবর্তন কর !
স্বর্গরাজ্য যে কাছে এসে গেছে। আল্লেলুইয়া।
খ। সুখী সেই দাস,
প্রভু এলে ও দরজায় ঘা দিলে যাকে জাগ্রত পাবেন।
গ। মাথা উচ্চ কর,
কেননা তোমাদের মুক্তি কাছে এসে গেছে।

২য় সপ্তাহ

ক। দেখ, * আমি আমার দূত প্রেরণ করছি ;
সে তোমার সম্মুখে পথ প্রস্তুত করবে।
খ,গ। মরুপ্রান্তরে * এক কণ্ঠস্বর চিৎকার করে বলে :
প্রভুর জন্য পথ প্রস্তুত কর ;
আমাদের পরমেশ্বরের জন্য রাস্তা সমতল কর।

৩য় সপ্তাহ

ক। কারারুদ্ধ যোহন * খ্রীষ্টের কর্মের কথা শুনে
নিজ শিষ্যদের মধ্য দিয়ে তাঁর কাছে জিজ্ঞাসা করে পাঠালেন,
'যিনি আসছেন, আপনিই কি সেই ব্যক্তি?
না আমরা অন্যের অপেক্ষায় থাকব?'
খ। যিনি আমার পরে আসছেন, * তিনি আমার আগেও ছিলেন ;
আমি তাঁর জুতোর বাঁধন খুলবার যোগ্য নই।
গ। এসো, * ধর্মময় ও ভক্তিময় জীবন যাপন করি ;
সেই সুখময় আশার প্রতীক্ষায়, প্রভুর আগমনের প্রতীক্ষায় থাকি যেন।

১৭ই ডিঃ। দিনটির বিশেষ ব্যবস্থা অনুসরণীয়।

৪র্থ রবিবার: ১৭ই–২৩শে ডিসেম্বরের ব্যবস্থা পালনীয়, পৃঃ ৭০…।

মিনতি নিবেদন

যাঁরা আমাদের পরিত্রাণকাজের সাধক, আসুন, কৃতজ্ঞতার সঙ্গে আমরা সেই পিতা, পুত্র ও পবিত্র আত্মার প্রশংসাবাদ করি:

ধন্য পরম ত্রিত্ব।

-হে পিতা ঈশ্বর, জাখারিয়ার কাছে তুমি এ শুভসংবাদ জানিয়েছিলে যে, মসীহের অগ্রদূত আসছেন; নারীগর্ভে যাদের জন্ম হয়েছে, তাদের মধ্যে যিনি মহান, সেই তিনি শীঘ্রই জন্মগ্রহণ করবেন।

-হে পরম পিতা, এই কালেই এলিজাবেথ মারীয়াকে উদ্দেশ ক'রে গান করেন: এসো, জ্বলন্ত ঝোপ, এসো, প্রভুর প্রসাদপূর্ণা মঞ্জুষা; নারীকুলে তুমি ধন্যা, কারণ তোমার গর্ভফলই ধন্য।

-হে ঈশ্বরপুত্র, মানবদেহ গ্রহণ করে তুমি আমাদের মত মানুষ হতে চাইলে।

-হে মুক্তিদাতা, আজ তোমার বাণী শুনে ও তোমার দেহরক্ত গ্রহণ করে আমরা তোমাকে একান্ত কাছাকাছি পাব।

-হে পবিত্র আত্মা, তোমার উপস্থিতি কুমারী মারীয়াকে এমনভাবে পূর্ণ করেছিল, যার ফলে তিনি ঈশ্বরজননী হয়ে উঠেছিলেন।

পূর্বাহ্ণ প্রহর

৪র্থ রবিবার ২৪শে ডিসেম্বর হলে সেই দিনটির বিশেষ ব্যবস্থাই অনুসরণীয়, পৃঃ ৯২।

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **রো ১৩:১৩-১৪ক**

এসো, দিনমানের মত উজ্জ্বলভাবে চলাফেরা করি: বেসামাল ভোজ-উৎসব বা মাতলামি নয়, যৌন অনাচার বা উচ্ছৃঙ্খলতা নয়, বিবাদ বা ঈর্ষাও নয়; তোমরা বরং স্বয়ং প্রভু যীশুখ্রীষ্টকেই পরিধান কর।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;
℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

৪র্থ রবিবার ২৪শে ডিসেম্বর হলে সেই দিনটির বিশেষ ব্যবস্থাই অনুসরণীয়, পৃঃ ৯২।

ধুয়ো: গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন:
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **১ থে ৩:১২-১৩**

প্রভুর অনুগ্রহে, তোমাদের পরস্পরের প্রতি এবং সকলের প্রতি তোমাদের ভালবাসা যেন বেড়ে ওঠে, উথলে ওঠে। আমাদের প্রভু যীশুখ্রীষ্ট যখন তাঁর সকল পবিত্রজনের সঙ্গে আসবেন, তখন তিনি যেন আমাদের ঈশ্বর ও পিতার সামনে তোমাদের হৃদয় পবিত্রতায় সুস্থির ও অনিন্দনীয় করে তোলেন।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

৪র্থ রবিবার ২৪শে ডিসেম্বর হলে সেই দিনটির বিশেষ ব্যবস্থাই অনুসরণীয়, পৃঃ ৯৩।

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **২ থে ১:৬,৭,১০**

ঈশ্বরের ন্যায্যতা এতেই প্রকাশ পাচ্ছে: তোমরা যারা এখন এত ক্লেশ ভোগ করছ, তিনি আমাদের সঙ্গে তোমাদেরও আরাম দেবেন সেইদিনে, যেদিন প্রভু যীশু তাঁর পরাক্রান্ত দূতবাহিনীর সঙ্গে স্বর্গ থেকে জ্বলন্ত অগ্নিশিখায় আবির্ভূত হবেন, যেদিন তাঁর পবিত্রজনদের মধ্যে গৌরবান্বিত হবার জন্য ও তাঁর সকল বিশ্বাসীর মধ্যে বিস্ময়ের পাত্র হবার জন্য তিনি আসবেন।

℣ এসো, প্রভু, আর দেরি নয়;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

২য় সন্ধ্যারতি

ধুয়োগুলোর জন্য প্রভাতী বন্দনার ব্যবস্থা অনুসরণীয়।

বাণী পাঠ **ফিলি ৪:৪-৫**

তোমরা প্রভুতে নিত্য আনন্দেই থাক; আবার বলছি, আনন্দেই থাক। তোমাদের অমায়িকতা সকল মানুষের কাছে জ্ঞাত হোক। প্রভু তো কাছেই এসে গেছেন।

শ্লোক

℣ আমাদের দেখাও, প্রভু, * তোমার কৃপা।
℟ আমাদের দেখাও, প্রভু, * তোমার কৃপা।
℣ আমাদের দাও গো তোমার পরিত্রাণ,
℟ তোমার কৃপা।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমাদের দেখাও, প্রভু, * তোমার কৃপা।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ

ক। পবিত্র আত্মা * তোমার উপর নেমে আসবেন;
ভয় পেয়ো না, মারীয়া;
কারণ তুমি ঈশ্বরের পুত্রকে গর্ভধারণ করবে। আল্লেলুইয়া।
খ। জাগ্রত থাক!
আমাদের পরমেশ্বর প্রভু কাছে এসে গেছেন।
গ। ভয় পেয়ো না, মারীয়া; * তুমি তো ঈশ্বরের কাছে অনুগ্রহই পেয়েছ।
দেখ, গর্ভধারণ করে তুমি একটি পুত্রসন্তান প্রসব করবে। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ

ক। মরুপ্রান্তরে * এক কণ্ঠস্বর চিৎকার করে বলে:
'প্রভুর জন্য পথ প্রস্তুত কর;
আমাদের পরমেশ্বরের জন্য রাস্তা সমতল কর।'
খ। আমার পরে * আমার চেয়ে শক্তিশালী একজন আসবেন,
যাঁর জুতোর বাঁধন খুলবার আমি যোগ্য নই।
গ। হে মারীয়া, * সুখী তুমি! তুমি যে বিশ্বাস করেছ;
তোমাতেই সিদ্ধিলাভ করল প্রভুর প্রতিশ্রুতি। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ

ক। 'যিনি আসছেন, * আপনিই কি সেই ব্যক্তি?
না আমরা অন্যের অপেক্ষায় থাকব?'
'তোমরা যা কিছু শুনেছ ও দেখেছ, তা যোহনকে গিয়ে বল:
অন্ধ দেখতে পায়, খোঁড়া হেঁটে বেড়ায়
ও দীনদরিদ্রের কাছে শুভসংবাদ প্রচার করা হয়।' আল্লেলুইয়া।

খ,গ। আমার পরে * আমার চেয়ে শক্তিশালী একজন আসবেন,
যাঁর জুতোর বাঁধন খুলবার আমি যোগ্য নই।

১৭ই ডিঃ। দিনটির বিশেষ ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ৭২।

৪র্থ রবিবার: ১৭ই–২৩শে ডিসেম্বরের ব্যবস্থা পালনীয়, পৃঃ ৭০…।

মিনতি নিবেদন

ধন্য পরম পিতা! তিনি প্রাচীনকাল থেকেই মুক্তিদাতার আগমনের প্রতিশ্রুতি দিয়েছিলেন:

এসো, ইম্মানুয়েল—আমাদের সঙ্গে থাক ঈশ্বর।

-উল্লাস কর, রাজা দাউদ, কারণ তুমি গান করেছিলে, খ্রীষ্টই ঈশ্বরের প্রথমজাত পুত্র, পৃথিবীর রাজাদের মধ্যে সেই সর্বোচ্চ রাজা যাঁর সিংহাসন থাকবে চিরকাল।

-উল্লাস কর, নবী মিখা, কারণ তুমি বলেছিলে, ত্রাণকর্তা বেথলেহেমে জন্ম নেবেন; তিনি ঈশ্বরের পরাক্রমেই তাঁর পাল পালন করবেন।

-উল্লাস কর, নবী ইসাইয়া, কারণ তোমার প্রতিশ্রুতি পূর্ণ হয়েছে: সকল মানুষের নবায়ন সাধন করার জন্য ইম্মানুয়েল কুমারী-গর্ভে জন্ম নিলেন।

-উল্লাস কর, নবী হাবাকুক, কারণ তুমি ভবিষ্যদ্বাণী দিয়ে বলেছিলে যে, প্রভু পবিত্র পর্বতে আসবেন। আবার তুমি বলেছিলে, 'তিনি দেরি করলে, তোমরা কিন্তু অপেক্ষা করে থাক, কারণ প্রভুর দিন কাছে এসে গেছে।'

সোমবার

১৭ই ডিসেম্বর থেকে বিশেষ ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ৭০…।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, আমাদের পরমেশ্বর, আশীর্বাদ কর: আমরা যেন তৎপর অন্তরেই তোমার পুত্র যীশুখ্রীষ্টের আগমনের অপেক্ষায় থাকি, তিনি এসে যখন করাঘাত করবেন, তখন যেন দেখতে পান, আমরা প্রার্থনায় জাগ্রত, তাঁর স্তুতি-বন্দনায় মুখর।

২য় সপ্তাহ: হে প্রভু, আমাদের মিনতির কণ্ঠ তোমার কাছে, উর্ধ্বে, উপনীত হোক, তোমার সেবায় অন্তরের পবিত্রতা অক্ষুণ্ন রেখে আমরা যেন তোমার একমাত্র পুত্রের দেহধারণ মহারহস্য উদ্‌যাপন করতে পারি।

৩য় সপ্তাহ: হে দয়াবান প্রভু, আমাদের মিনতির কণ্ঠ কান পেতে শোন: আমাদের হৃদয়ের অন্ধকার তোমার আসন্ন পুত্রের অনুগ্রহে উদ্ভাসিত কর।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ আমাদের দেখাও, প্রভু, তোমার কৃপা;
℟ আমাদের দাও গো তোমার পরিত্রাণ।

২য় পর্ব ℣ মরুপ্রান্তরে এক কণ্ঠস্বর চিৎকার করে বলে: প্রভুর জন্য পথ প্রস্তুত কর;
℟ আমাদের পরমেশ্বরের জন্য রাস্তা সমতল কর।

স্মরণ উপলক্ষে, পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ২:৩**

‘চল, আমরা গিয়ে উঠি প্রভুর পর্বতে, যাকোবের পরমেশ্বরের গৃহে, তিনি যেন আমাদের দেখিয়ে দেন তাঁর মার্গসকল, আর আমরা যেন তাঁর সকল পথ ধরে চলতে পারি।’ কারণ সিয়োন থেকেই বেরিয়ে আসবে নির্দেশবাণী, যেরুসালেম থেকেই প্রভুর বাণী।

শ্লোক

প্র যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।
উ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।
প্র তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,
উ উদিত হবেন প্রভু।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: যেরুসালেম, * চোখ তুলে রাজার প্রতাপ দেখ।
এই যে, তোমার পরিত্রাতা আসছেন বন্ধন থেকে তোমাকে মুক্ত করতে।
২য় সপ্তাহ: মনপরিবর্তন কর!
স্বর্গরাজ্য যে কাছে এসে গেছে। আল্লেলুইয়া।
৩য় সপ্তাহ: শাসনকর্তা প্রভু * স্বর্গ থেকে আসবেন;
তাঁর হাতে থাকবে মহিমা, থাকবে পরাক্রম।

মিনতি নিবেদন

যিনি জীবনেশ্বরের পুত্র, যিনি জ্যোতি-থেকে-জ্যোতি, যিনি আমাদের সকলকে ঐশজ্যোতির্লোকে নিয়ে যাবেন, আসুন, ভক্তিভরে সেই খ্রীষ্ট প্রভুকে ডাকি:

মারানা থা, এসো, প্রভু।

-হে খ্রীষ্ট, তুমি প্রভাতের তারা। তোমার জ্যোতিতে আমাদের অন্ধকার দূর করে দাও, আমাদের সুপ্ত বিশ্বাস জাগরিত কর।

-হে ইম্মানুয়েল, হে আমাদের-সঙ্গে-ঈশ্বর, খ্রীষ্টভক্তদের জীবনাচরণে যেন জগৎ তোমার উপস্থিতি উপলব্ধি করতে পারে।

-হে নবসৃষ্টির স্রষ্টা, এসো এমন নতুন জগৎ সৃষ্টি করতে যেখানে ন্যায় ও শান্তি বিরাজ করতে পারে।

-হে কোমলহৃদয় মুক্তিদাতা, আমাদের অহঙ্কার বিলীন কর, আমাদের হৃদয়-মন নমিত কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **ইসা ১০:২০-২১**

সেদিন এমনটি ঘটবে, ইস্রায়েলের অবশিষ্টাংশ ও যাকোবকুলে যারা রেহাই পেয়েছে তারাও বিশ্বস্ততার সঙ্গে ইস্রায়েলের পবিত্রজন সেই প্রভুর উপর ভর করবে। একটা অবশিষ্টাংশ, যাকোবেরই সেই অবশিষ্টাংশ, শক্তিশালী

ঈশ্বরের কাছে ফিরে আসবে।

℟ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু ;

℣ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন :
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন ;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **ইসা ১০:২৪,২৭**

সেনাবাহিনীর পরমেশ্বর প্রভু একথা বলছেন : 'হে সিয়োন-নিবাসী জাতি আমার, ভয় পেয়ো না। সেদিন এমনটি ঘটবে, তোমার কাঁধ থেকে তার বোঝা, তোমার ঘাড় থেকে তার সেই জোয়াল সরিয়ে দেওয়া হবে।

℟ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু ;

℣ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **ইসা ১৩:২২–১৪:১**

প্রভুর ক্ষণ এবার কাছে এসে গেছে, তাঁর দিনগুলি প্রসারিত হবে না! প্রভু যাকোবের প্রতি নিজের স্নেহ দেখাবেন এবং ইস্রায়েল পাবে পরিত্রাণ।

℟ এসো, প্রভু, আর দেরি নয় ;

℣ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **ফিলি ৩:২০খ-২১**

আমরা তো পরিত্রাতারূপে প্রভু যীশুখ্রীষ্টেরই প্রতীক্ষায় রয়েছি। যে পরাক্রম গুণে তিনি সমস্ত কিছুই নিজের বশীভূত করতে পারেন, তিনি সেই পরাক্রম দ্বারাই আমাদের হীনাবস্থার এই দেহটি রূপান্তরিত ক'রে তাঁর আপন গৌরবময় দেহের সমরূপ করবেন।

শ্লোক

℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℟ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,

℣ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : প্রভুর দূত * মারীয়াকে সংবাদ দিলেন ;
আর তিনি পবিত্র আত্মার প্রভাবে গর্ভস্থা হলেন। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ: ওই দেখ, * সেই রাজা, বিশ্বপ্রভু যিনি, তিনি আসবেন।
তিনি নিজেই আমাদের বন্দিদশার জোয়াল সরিয়ে দেবেন।
৩য় সপ্তাহ: যুগে যুগে * সকলে আমাকে সুখী বলবে,
কারণ এই বিনম্র দাসীর দিকে মুখ তুলে চেয়েছেন ঈশ্বর।

মিনতি নিবেদন

যিনি আমাদের পরিত্রাণ করতে আসবেন, আসুন, সেই প্রভুকে ডাকি:

মারানা থা, আমাদের ত্রাণ করতে এসো, প্রভু।

-হে জগৎত্রাতা, সংসারের পাপ থেকে আমাদের মুক্ত কর।

-তুমি পিতার কাছ থেকে এসেছ। আমাদের শেখাও তাঁর কাছে যাওয়ার পথ।

-পবিত্র আত্মার প্রভাবেই ধন্যা মারীয়া গর্ভস্থা হলেন। তোমার বাণী শুনে আমরা যেন সেই পবিত্র আত্মার সৃজনী শক্তি উপলব্ধি করতে পারি।

-যাঁরা ইহজগতে তোমার অন্বেষণ করেছেন, আমাদের সেই সকল মৃত ভাইবোনকে স্বর্গধামে গ্রহণ কর।

মঙ্গলবার

১৭ই ডিসেম্বর থেকে বিশেষ ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ৭০...।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু ঈশ্বর, প্রসন্ন হয়ে আমাদের মিনতি গ্রহণ কর: আমাদের ক্লেশে-দুর্ভোগে তোমার স্নেহপূর্ণ সহায়তা মঞ্জুর কর, তোমার আসন্ন পুত্র একবার এলে আমরা যেন তাঁর উপস্থিতিতে সান্ত্বনা পাই ও পুরানো কলঙ্ক দ্বারা আর কলুষিত না হই।

২য় সপ্তাহ: হে ঈশ্বর, জগৎত্রাতার শুভসংবাদ তুমি পৃথিবীর সকল প্রান্তেই ঘোষণা করেছ। আশীর্বাদ কর: আমরা যেন তাঁর জন্মের গৌরব সানন্দে ধারণ করতে পারি।

৩য় সপ্তাহ: হে ঈশ্বর, তোমার একমাত্র পুত্রের দ্বারা তুমি আমাদের নবসৃষ্টিরূপে গড়ে তুলেছ: তোমার এ করুণার কর্মের দিকে মুখ তুলে চাও, তোমার পুত্রের আগমনে জরাজীর্ণ মানবদশার সমস্ত কলঙ্ক থেকে আমাদের শোধন কর।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব   ℣ হে প্রভু, আমাদের পরমেশ্বর, আমাদের পুনঃপ্রতিষ্ঠিত কর;
℟   শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ।
২য় পর্ব   ℣ হে প্রভু, আসুক আমার কাছে তোমার কৃপা;
℟   তোমার কথা অনুসারে তোমার পরিত্রাণ।

স্মরণ উপলক্ষে, পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ   আদি ৪৯:১০

যুদা থেকে রাজদণ্ড যাবে না, তার দু' পায়ের মাঝখান থেকে বিচারদণ্ড যাবে না, যতদিন না তিনি আসেন রাজদণ্ড যাঁর অধিকার, জাতিসকল যাঁর আনুগত্য স্বীকার করবে।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,

℟ উদিত হবেন প্রভু।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: যেসের মূলকান্ড থেকে
এক পল্লব উৎপন্ন হবেন;
পৃথিবী পূর্ণ হবে প্রভুর গৌরবে;
সকল প্রাণী দেখতে পাবে পরমেশ্বরের পরিত্রাণ।

২য় সপ্তাহ: সানন্দে চিৎকার কর, * মেতে ওঠ, সিয়োন কন্যা;
এই যে আমি আসছি, বাস করব তোমার অন্তঃস্থলে—
একথা বলছেন প্রভু।

৩য় সপ্তাহ: জাগ, জাগ, * জেগে ওঠ, যেরুসালেম!
তোমার ঘাড়ের বেড়ি খুলে দাও, বন্দি সিয়োন কন্যা!

মিনতি নিবেদন

ঘুম থেকে ওঠার সময় এসেছে; আমাদের পরিত্রাণের দিন কাছে এসে গেছে। আসুন, ভক্তিভরে প্রভুকে ডাকি:

তোমার রাজ্যের আগমন হোক।

-হে প্রভু, আমাদের সাহায্য কর, যেন আমাদের জীবনাচরণে অনুতাপ দেখাতে পারি, ফলে যেন তোমার রাজ্যের আগমন গ্রহণ করতে পারি।

-খ্রীষ্টবাণীর আগমনের জন্য আমাদের হৃদয়-মন প্রস্তুত কর, যেন তাঁর গৌরব আমাদের অন্তরে প্রকাশ পেতে পারে।

-গর্ব নমিত করতে শক্তি দাও; আমাদের দুর্বলতা ও নিরাশায় আমাদের সহায়তা কর।

-জাতিতে জাতিতে হিংসা ও বিদ্বেষের যত প্রাচীর ভেঙে দাও। যারা শান্তি প্রতিষ্ঠার জন্য কাজ করে, তাদের প্রচেষ্টা সফল কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **যেরে ২৩:৫**

দেখ, এমন দিনগুলি আসছে—প্রভুর উক্তি—যখন আমি দাউদের জন্য ধর্মময় এক অঙ্কুর উৎপন্ন করব; তিনি প্রকৃত রাজারূপে রাজত্ব করবেন, হবেন সুবুদ্ধিসম্পন্ন, দেশজুড়ে ন্যায় ও ধর্মময়তা অনুশীলন করবেন।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;

℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন :
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন ;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **যেরে ২৩:৬**

সেই দিনগুলিতে যুদা পরিত্রাণ পাবে ও ইস্রায়েল ভরসাভরে বসবাস করবে ; তিনি এ নামেই আখ্যাত হবেন : 'প্রভু-আমাদের-ধর্মময়তা।'

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু ;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ন প্রহর

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ন রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **এজে ৩৪:১৫-১৬**

আমি নিজেই আমার মেষগুলিকে চরাব, আমি নিজেই তাদের শুইয়ে রাখব—প্রভু পরমেশ্বরের উক্তি। যে মেষ পথহারা আমি তাকে খোঁজ করব, যেটা পথভ্রষ্ট তাকে ফিরিয়ে আনব, যেটা ক্ষতবিক্ষত তার ক্ষতস্থান বেঁধে দেব, যেটা দুর্বল তাকে বলবান করব। আমি ন্যায়ের সঙ্গেই তাদের চরাব।

℣ এসো, প্রভু, আর দেরি নয় ;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **১ করি ১:৭ক,৮-৯**

তোমরা আমাদের প্রভু যীশুখ্রীষ্টের আত্মপ্রকাশের প্রতীক্ষায় রয়েছ। তিনিই তোমাদের শেষ পর্যন্ত সুস্থির করে রাখবেন, যেন তোমরা আমাদের প্রভু যীশুখ্রীষ্টের দিনে অনিন্দ্য হতে পার। যিনি তাঁর আপন পুত্র যীশুখ্রীষ্ট আমাদের সেই প্রভুর সঙ্গে জীবন-সহভাগিতার উদ্দেশে তোমাদের আহ্বান করেছেন, সেই ঈশ্বর তো বিশ্বস্ত।

শ্লোক

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,
℟ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : প্রভুর অন্বেষণ কর, * যেহেতু তিনি নিজের উদ্দেশ পেতে দেন ;
তাঁকে ডাক, যেহেতু তিনি কাছে আছেন। আল্লেলুইয়া।
২য় সপ্তাহ : সিয়োনে আমি পরিত্রাণ,
যেরুসালেমে আমার গৌরব স্থাপন করব। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ : তাঁরা * একসঙ্গে থাকবার আগেই দেখা গেল,
মারীয়া গর্ভবতী—পবিত্র আত্মার প্রভাবে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

মানবদেহ ধারণ করায় যিনি আমাদের জন্য স্বর্গের এক জীবন্ত নব-পথ উন্মুক্ত করেছেন, আসুন, সেই সনাতন বাণীর কাছে বিনীত প্রার্থনা নিবেদন করি :

এসো, প্রভু, আমাদের উদ্ধার কর।

-হে প্রভু, তোমার প্রেমেই আমরা সংগঠিত। সাহায্য কর, আমরা যেন আমাদের মাঝে তোমার উপস্থিতি উপলব্ধি করতে পারি।

-তুমি কারও কাছ থেকে দূরে নও। যারা সরল অন্তরে তোমার অন্বেষণ করে, তাদের কাছে নিজেকে প্রকাশ কর।

-যারা দুঃখে ভারাক্রান্ত, যারা অভাবগ্রস্ত, হও তুমি তাদের শক্তি, তাদের সান্ত্বনা।

-হে জীবনেশ্বর, তুমি তো মৃত্যু ঘৃণা কর, জীবনদানেই তুমি প্রীত। আমাদের সকল পরলোকগত ভাইবোনকে অনন্ত অন্ধকার থেকে চিরমুক্তি দান কর।

বুধবার

১৭ই ডিসেম্বর থেকে বিশেষ ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ৭০…।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ : হে প্রভু, আমাদের পরমেশ্বর, তোমার দিব্য পরাক্রমে আমাদের হৃদয় প্রস্তুত কর : তোমার পুত্র সেই খ্রীষ্ট আগমন করলে যেন দেখতে পান, আমরা শাশ্বত জীবনভোজের জন্য উপযুক্ত ; আর যে স্বর্গীয় খাদ্য তিনি নিজে পরিবেশন করবেন, আমরা যেন তা গ্রহণের যোগ্য হতে পারি।

২য় সপ্তাহ : হে সর্বশক্তিমান ঈশ্বর, তুমি তো প্রভু যীশুর আসার পথ প্রস্তুত করতে আমাদের আদেশ কর। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : আমরা যারা সেই স্বর্গীয় আরোগ্যদাতার সান্ত্বনাদায়ী উপস্থিতির ব্যাকুল প্রতীক্ষায় রয়েছি, যেন কোন দুর্বলতার কারণে শ্রান্ত হয়ে না পড়ি।

৩য় সপ্তাহ : হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর : তোমার পুত্রের আসন্ন জন্মোৎসব আমাদের জীবনে এনে দিক প্রতিকার, মঞ্জুর করুক চিরকালীন পুরস্কার।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ জাতি-বিজাতি প্রভুর বাণী শোন ;
℟ পৃথিবীর সকল প্রান্তে তা প্রচার কর।

২য় পর্ব ℣ হে প্রভু, আমাদের পরমেশ্বর, আমাদের পুনঃপ্রতিষ্ঠিত কর ;
℟ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ।

স্মরণ উপলক্ষে, পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ৭:১৪খ-১৫**

দেখ, কুমারীটি গর্ভবতী হয়ে একটি পুত্রসন্তান প্রসব করবে, তাঁর নাম রাখবে ইম্মানুয়েল। বালকটি দধি ও মধু খাবে যতদিন যা অমঙ্গল তা অগ্রাহ্য করবার, এবং যা মঙ্গল তা বেছে নেবার জ্ঞান না হয়।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,

℟ উদিত হবেন প্রভু।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : তিনি আমার ঈশ্বর, * আমি তাঁর গুণগান করব ;
তিনি আমার পিতার পরমেশ্বর, আমি তাঁর বন্দনা করব।

২য় সপ্তাহ : দাউদের সিংহাসনে আসীন হয়ে
তাঁর রাজ্যের উপর খ্রীষ্ট রাজত্ব করবেন চিরকাল। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ : সান্ত্বনা দাও, * আমার জাতিকে তোমরা সান্ত্বনা দাও,
একথা বলছেন তোমাদের পরমেশ্বর।

মিনতি নিবেদন

যিনি আমাদের মাঝে তাঁবু স্থাপন করলেন মানুষ যেন তাঁর গৌরবের দর্শন পায়, আসুন, সেই ঐশবাণী যীশুখ্রীষ্টের কাছে মিনতি জানাই :

হে ইম্মানুয়েল, আমাদের সঙ্গে থাক।

-হে ন্যায়বিধাতা, গরিব ও অত্যাচারিত মানুষের অধিকার রক্ষা কর।

-হে শান্তিরাজ, তুমি যে খড়্গ লাঙলে ও বর্শা কাস্তেতে পরিণত কর, ঘৃণার স্থানে ভালবাসা, প্রতিশোধের স্থানে ক্ষমাই সৃষ্টি কর।

-হে বিশ্ববিচারক, তুমি যে বাইরের চেহারা অনুসারে নয় বরং ন্যায় ও সততার সঙ্গে বিচার কর, এসো, তোমার প্রকৃত শিষ্যদের পুরস্কৃত কর।

-হে চির-অতিথি, তুমি যখন মহাপ্রতাপে মেঘবাহনে পুনরাগমন করবে, তখন আমরা যেন তোমার সামনে নির্ভয়ে দাঁড়াতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ ইসা ২:১১

আদম নিজের উদ্ধত চোখ নত করবে, অবনমিত হবে মানুষের গর্ব ; সেদিন কেবল প্রভুই উন্নীত হবেন।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু ;

℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন :
‘আনন্দিতা হও, হে অনুগৃহীতা ! প্রভু তোমার সঙ্গে আছেন ;
নারীকুলে তুমি ধন্যা।’

বাণী পাঠ **ইসা ১২:২**

সত্যি, ঈশ্বরই আমার পরিত্রাণ, আমি ভরসা রাখব, ভীত হব না; কারণ প্রভুই আমার শক্তি, আমার স্তবগান, তিনি হলেন আমার পরিত্রাণ।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু;

℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ন প্রহর

ধুয়ো: মারীয়া উত্তর দিলেন:

'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।

আমার কুমারীত্ব অক্ষুণ্ন রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **দা ৯:১৯**

শোন, প্রভু! ক্ষমা কর, প্রভু! শোন, প্রভু, আমাদের পক্ষসমর্থন কর! হে আমার পরমেশ্বর, তোমার নিজের খাতিরেই আর দেরি করো না, কারণ তোমার আপন জনগণ তোমার আপন নাম বহন করে।

℣ এসো, প্রভু, আর দেরি নয়;

℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **১ করি ৪:৫**

নির্দিষ্ট সময়ের আগে তোমরা কোন-কিছুর বিচার করো না, যতদিন না প্রভু আসেন। তিনি অন্ধকারাচ্ছন্ন সবকিছুই আলোতে উদ্ঘাটিত করবেন ও হৃদয়ের যত অভিপ্রায় ব্যক্ত করবেন। আর তখনই প্রতিটি মানুষ ঈশ্বরের কাছ থেকে নিজ নিজ প্রশংসা পাবে।

শ্লোক

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℣ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,

℟ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: শাসনকর্তা প্রভু * স্বর্গ থেকে আসবেন;

তাঁর হাতে থাকবে মহিমা, থাকবে পরাক্রম।

২য় সপ্তাহ: হে সিয়োন, * তোমাকে নবীভূত করা হবে।

তুমি দেখতে পাবে সেই ধর্মাত্মাকে যিনি তোমার কাছে আসছেন।

৩য় সপ্তাহ: হে প্রভু, * তুমিই সেই ব্যক্তি যিনি আসছেন।

তোমার জনগণের পরিত্রাণের জন্য আমরা তোমার প্রতীক্ষায় আছি।

মিনতি নিবেদন

যিনি তাঁর আপন পুত্রকে আমাদের কাছে শান্তি দিতে পাঠিয়েছেন, আসুন, সেই পরম পিতার কাছে প্রার্থনা করি:

হে প্রভু, তোমার রাজ্যের আগমন হোক।

-হে পিতা, তোমার এ জনমণ্ডলীর উপর দৃষ্টিপাত কর; যে আঙুরলতা তোমার নিজেরই হাত একদিন পুঁতেছে,

এখন তাকে দেখতে এসো।

-তোমার বিশ্বস্ততা চিরকালীন বিশ্বস্ততা: আব্রাহামের সন্তানদের কথা মনে রেখ, মনে রেখ তাঁদের প্রতি তোমার সকল অঙ্গীকার।

-পৃথিবীর সকল জাতির প্রতি মমতা দেখাও। সমস্ত মানুষ তোমার নামকীর্তন করুক।

-বিশ্বের প্রান্তসীমায় বিস্তৃত তোমার পালকে দেখতে এসো। যীশুর একমাত্র মেষাগারে তোমার সকল সন্তানকে সংগ্রহ কর।

-যাঁরা আজ ইহলোক ত্যাগ করেছেন, তাঁদের কথা স্মরণে রাখ। তাঁরা যেন তোমার শান্তিরাজ্যে স্থান পেতে পারেন।

বৃহস্পতিবার

১৭ই ডিসেম্বর থেকে বিশেষ ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ৭০…।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, জাগাও তোমার পরাক্রম; তোমার মহাশক্তিতে আমাদের সহায়তায় এসো:আমাদের পাপ যাতে বাধা দেয় তোমার অনুগ্রহ ত্বরান্বিত করুক সেই মুক্তির আগমন।

২য় সপ্তাহ: হে প্রভু, তোমার একমাত্র পুত্রের পথ প্রস্তুত করার জন্য আমাদের হৃদয় উদ্দীপিত কর, আমরা যেন তাঁর আগমনের পুণ্যফলে শুচীকৃত অন্তরে তোমার সেবা করতে পারি।

৩য় সপ্তাহ: হে প্রভু, আশীর্বাদ কর: তোমার একমাত্র পুত্রের পরিত্রাণদায়ী আগমনের পুণ্যে পাপের গ্লানিতে অবসন্ন তোমার এ অযোগ্য সন্তানদের আনন্দিত করে তোল।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ তিনি তাঁর আপন বাণী ঘোষণা করেন যাকোবের কাছে;

℟ তাঁর সমস্ত বিধি ও সুবিচার ইস্রায়েলের কাছে।

২য় পর্ব ℣ হে প্রভু সেনাবাহিনীর পরমেশ্বর, আমাদের পুনঃপ্রতিষ্ঠিত কর;

℟ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ।

স্মরণ উপলক্ষে, পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ৪৫:৮**

হে আকাশমণ্ডল, ঊর্ধ্ব থেকে শিশিরপাত কর, মেঘমালা ধর্মময়তা বর্ষণ করুক। উন্মোচিত হোক মর্তের মুখ, অঙ্কুরিত হোক পরিত্রাণ, আর সেইসঙ্গে ধর্মময়তা ফুটে উঠুক।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,

℟ উদিত হবেন প্রভু।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: আমি * প্রভুর প্রতীক্ষায় থাকব যিনি আমার রক্ষাকর্তা;
তাঁর উপর ভরসা রাখব কারণ তিনি আসছেন। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ: আমি নিজেই * তোমার সহায়তা করব—একথা বলছেন প্রভু;
আমিই তোমার মুক্তিসাধক, ইস্রায়েলের সেই পবিত্রজন।

৩য় সপ্তাহ: জাগ, জাগ!
শক্তি পরিধান কর, হে প্রভুর বাহু।

মিনতি নিবেদন

যিনি ঈশ্বরের প্রজ্ঞা ও পরাক্রম, মানুষের ঘরে বাস করা যাঁর আনন্দ, আসুন, আশ্বাসভরে সেই খ্রীষ্টের কাছে প্রার্থনা করি:

আমাদের কাছে থেকো, প্রভু।

-হে প্রভু যীশু, তুমি তোমার ভক্তমণ্ডলীতে অংশ নিতে আমাদের ডেকেছ। আশীর্বাদ কর, আমরা যেন সেই আহ্বানে যথাযোগ্যভাবে সাড়া দিই।

-তুমি তো আমাদের মাঝে অচেনা অতিথির মত থাক। কৃপা করে সকল মানুষকে দেখাও তোমার শ্রীমুখের গৌরব।

-আমাদের যা কিছু আছে, সেইসব তোমারই দান। সহায়তা কর, আমরা যেন অভাবগ্রস্তদের মুক্তহস্তে সাহায্য দান করতে পারি।

-আমরা তোমার আগমনের দিকে চেয়ে আছি। যখন তুমি আসবে, তখন যেন দেখতে পাও, আমরা প্রার্থনায় জাগ্রত, তোমার স্তুতিগানে মুখর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **মিখা ৫:৩-৪ক**

তিনি দাঁড়িয়ে তাঁর আপন মেষপালকে প্রভুর শক্তিতেই, তাঁর পরমেশ্বর প্রভুর নামের মহিমায়ই পালন করবেন। তারা তখন পূর্ণ ভরসায় বাস করবে, কারণ তিনি মহান হবেন পৃথিবীর শেষপ্রান্ত পর্যন্ত। আর তিনি নিজেই হবেন শান্তি।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;
℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন:
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **হগয় ২:৬,৯**

আর অল্পকাল, তারপর আমি আকাশ ও পৃথিবী, সমুদ্র ও স্থলভূমি কাঁপিয়ে তুলব। এ গৃহের প্রাচীন গৌরবের চেয়ে ভাবী গৌরব মহৎ হবে—একথা বলছেন সেনাবাহিনীর প্রভু।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **মালাখি ৩:২০**

আমার নাম ভয় কর যে তোমরা, তোমাদের জন্য উদিত হবেন ধর্মময়তার সেই সূর্য, যাঁর রশ্মিতে থাকবে আরোগ্যদান। তোমরা তখন বেরিয়ে পড়ে গোশালার বাছুরের মত লাফ দিতে লাগবে—একথা বলছেন সেনাবাহিনীর প্রভু।

℣ এসো, প্রভু, আর দেরি নয় ;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **যাকোব ৫:৭-৮,৯খ**

ভাই, প্রভুর আগমনের দিন পর্যন্ত ধৈর্য ধর। দেখ, কৃষক ভূমির মূল্যবান ফসলের প্রতীক্ষায় থাকে, এই ব্যাপারে সে অধৈর্য হয় না, যে পর্যন্ত আশুপক্ব ও শেষপক্ব সবই ফল সংগ্রহ না করে। তোমরাও তেমনি ধৈর্যশীল হও, অন্তর সুস্থির কর, কেননা প্রভুর আগমনের দিন সন্নিকট ; বিচারকর্তা দরজায় দাঁড়িয়ে আছেন।

শ্লোক

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,
℟ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : নারীকুলে তুমি ধন্যা,
এবং ধন্য তোমার গর্ভফল।
২য় সপ্তাহ : তোমার উপর, যেরুসালেম, * উদিত হবেন প্রভু।
তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব।
৩য় সপ্তাহ : যেরুসালেমের সঙ্গে * আনন্দ কর,
তার জন্য মেতে ওঠ তোমরা সবাই, যারা তাকে ভালবাস।

মিনতি নিবেদন

যারা মৃত্যু-ছায়ায় বসে আছে, তাদের কাছে নবীদের প্রতিশ্রুত যে আলো, আসুন, সেই খ্রীষ্টের কাছে সমস্বরে মিনতি জানাই :

মারানা থা, এসো, প্রভু।

-হে ঈশ্বরের বাণী, তুমি আদিতে সবকিছু সৃষ্টি করেছিলে এবং কালের পূর্ণতায় আমাদের মানবীয় স্বরূপ ধারণ করেছিলে। এবার পাপ ও মৃত্যু থেকে আমাদের উদ্ধার করতে এসো।

মারানা থা, এসো, প্রভু।

-তুমিই সেই সত্যকার আলো, মানবকুলের উপর যার উদ্ভাস : আমাদের অন্ধকার বিলীন করতে এসো।

-তুমি তো পিতার হৃদয়মন্দিরে বাস কর : পিতার পরিত্রাণদায়ী প্রেমের কথা আমাদের জানাতে এসো।

-তুমি হিংসা ও বিভেদের যত বাধা ধ্বংস করেছ: যাঁরা পরলোকে গমন করেছেন, তাঁদের জন্য মুক্তি ও জীবনের প্রবেশদ্বার খুলে দাও।

শুক্রবার

১৭ই ডিসেম্বর থেকে বিশেষ ব্যবস্থা অনুসরণীয়, ৭০…।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে প্রভু, জাগাও তোমার পরাক্রম, আমাদের কাছে এসো: তুমি নিজে সহায়তা করলে আমরা যেন আমাদের পাপজনিত অবশ্যম্ভাবী যত বিপদ থেকে নিস্তার পেতে পারি; তুমি নিজে মুক্ত করলে যেন পরিত্রাণ লাভের যোগ্য হতে পারি।

২য় সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, মিনতি জানাই: তোমার আপন জনগণকে জাগ্রত অন্তরে তোমার একমাত্র পুত্রের আগমনের প্রতীক্ষায় থাকতে সাহায্য কর; আমাদের ত্রাণকর্মের সাধকের শিক্ষামত আমরা যেন, তিনি এসে পড়লে, জাগরিত মনে ও জ্বলন্ত প্রদীপ হাতে তাঁকে বরণ করতে এগিয়ে যেতে পারি।

৩য় সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, আমাদের সমস্ত কর্মের সূচনায় ও সমাপ্তিতে তোমার অনুগ্রহ আমাদের নিত্যই ঘিরে রাখুক, আমরা যারা তোমার একমাত্র পুত্রের আগমনের ব্যাকুল প্রতীক্ষায় রয়েছি, যেন ইহজীবনে যেমন, তেমনি পরজীবনেও তোমার সহায়তা লাভ করতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ মরুপ্রান্তরে এক কণ্ঠস্বর চিৎকার করে বলে: প্রভুর জন্য পথ প্রস্তুত কর;

℟ আমাদের পরমেশ্বরের জন্য রাস্তা সমতল কর।

২য় পর্ব ℣ হে প্রভু, আসুক আমার কাছে তোমার কৃপা;

℟ তোমার কথা অনুসারে তোমার পরিত্রাণ।

স্মরণ উপলক্ষে, পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **যেরে ৩০:২১,২২**

তাদের নেতা তাদেরই মধ্যে একজন হবেন; তাদেরই মধ্য থেকে উৎপন্ন এক ব্যক্তি হবেন তাদের শাসনকর্তা। আমি তাঁকে কাছে আনব, আর তিনি আমার কাছে আসবেন। তোমরা হবে আমার আপন জনগণ আর আমি হব তোমাদের আপন পরমেশ্বর।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,

℟ উদিত হবেন প্রভু।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: আমাদের পরমেশ্বর আসছেন, * তিনি তো দাউদকুলের মানুষ;
আসছেন সিংহাসনে আসন নিতে। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ: ভীরুহৃদয়দের বল: * শক্ত হও;
ওই দেখ, তোমাদের পরমেশ্বর আসছেন।
৩য় সপ্তাহ: বৃষ্টির মতই * প্রভুর বাণী হবে প্রতীক্ষিত;
শিশিরের মতই আমাদের উপর নেমে আসবেন আমাদের ঈশ্বর।

মিনতি নিবেদন

যিনি আপন পুত্রের মধ্য দিয়ে মানবজাতির কাছে আপন গৌরব প্রকাশ করলেন, আসুন, আনন্দের সঙ্গে সেই পরম পিতাকে ডাকি:

আব্বা, পিতা, দয়া কর।

-তুমি আনন্দের বার্তা আমাদের দান করেছ। আশীর্বাদ কর: আমাদের দ্বারা জগৎ যেন তোমার পুত্রের পরিত্রাণদায়ী আগমনের শুভসংবাদ পেতে পারে।

-কৃপা কর, যেন যেইভাবে তুমি তোমার পুত্রকে দান করে আমাদের ভালবেসেছ, তেমনি আমরাও যেন আত্মদান করে একে অপরকে ভালবাসতে পারি।

-সহায়তা কর, যেন তোমার পুত্র যীশুখ্রীষ্টের আগমনে মণ্ডলী নবরূপায়িত হয়ে মানবজাতির কল্যাণে আত্মনিবেদন করে।

-যাঁরা খ্রীষ্টবিশ্বাসের কারণে অত্যাচারিত, তুমি তাঁদের অন্তরে শক্তি যোগাও, তাঁরা যেন অকুতোভয়ে তোমার পুত্রের সাক্ষ্য বহন করতে পারেন।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **যেরে ২৯:১১,১৩**

আমি তো জানি তোমাদের জন্য কী কী পরিকল্পনা করেছি—প্রভুর উক্তি—, শান্তিরই পরিকল্পনা, অমঙ্গলের পরিকল্পনা নয়, যেন তোমাদের দিতে পারি একটা ভবিষ্যৎ, একটা আশা। তোমরা আমার অন্বেষণ করবে, আর তখনই আমাকে পাবে যখন সমস্ত হৃদয় দিয়ে আমার অনুসন্ধান করবে।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;
℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন:
‘আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন;
নারীকুলে তুমি ধন্যা।’

বাণী পাঠ **যেরে ৩০:১৮**

প্রভু একথা বলছেন: ‘দেখ, আমি যাকোবের তাঁবুগুলি পুনঃপ্রতিষ্ঠিত করবই করব; তার আবাসের প্রতি করুণা দেখাব।’

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **বারুক ৩:৫-৬ক**

আমাদের পিতৃপুরুষদের শঠতা স্মরণে রেখো না; এখন বরং স্মরণে রেখ তোমার প্রতাপ ও তোমার নাম; তুমিই তো আমাদের ঈশ্বর প্রভু।

℣ এসো, প্রভু, আর দেরি নয়;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **২ পি ৩:৮খ-৯**

প্রভুর কাছে একটি দিন হাজার বছরেরই সমান, এবং হাজার বছর একটি দিনেরই সমান। প্রতিশ্রুতির ব্যাপারে প্রভু দেরি করেন না—যদিও কেউ কেউ মনে করে, তিনি দেরি করছেন। আসলে তোমাদের প্রতি তিনি অসীম সহিষ্ণুতা দেখাচ্ছেন: কেননা তাঁর মঙ্গল-ইচ্ছা এই নয় যে, কেউ বিনষ্ট হবে, বরং সকলে যেন মনপরিবর্তন করার একটা সুযোগ পায়।

শ্লোক

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,
℟ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : আমি * মিশরদেশ থেকে আমার পুত্রকে ডেকে আনলাম।
তিনি এসে তাঁর আপন জাতিকে করবেন পরিত্রাণ।
২য় সপ্তাহ : তোমরা * আনন্দের সঙ্গে জল তুলে আনবে
পরিত্রাতার উৎসধারা থেকে।
৩য় সপ্তাহ : এটি হল যোহনের সাক্ষ্যদান :
'যিনি আমার পরে আসছেন, তিনি আমার আগেও ছিলেন।'

মিনতি নিবেদন

যিনি আমাদের পালক ও রক্ষাকর্তা, আসুন, আশ্বাসভরে সেই খ্রীষ্টকে ডাকি :

এসো, প্রভু যীশু।

-হে পরম পিতার পালের উত্তম পালক, মানবজাতিকে তোমার মেষাগারে সংগ্রহ করতে এসো।

-তোমার ভক্তমণ্ডলীর পালকদের উপর দৃষ্টি রেখ, তাঁরা যেন অবিশ্রান্তভাবে আপন ভাইবোনদের সেবাযত্ন করেন।

-বাণীপ্রচারক সকলকে প্রেরণা দান কর, যেন তোমার পরিত্রাণদায়ী কথা পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত জ্ঞাত হলে সমগ্র মানবকুল তোমার নাম করতে পারে।

-ইহলোকে যাঁরা তোমার গলা চিনেছেন, সেই সকল মৃত বিশ্বাসীকে স্বর্গীয় অনন্ত চারণভূমিতে গ্রহণ কর।

শনিবার

১৭ই ডিসেম্বর থেকে বিশেষ ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ৭০…।

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে ঈশ্বর, জরাজীর্ণ পাপদশা থেকে মানবজাতিকে মুক্ত করতে তুমি তোমার একমাত্র পুত্রকে এজগতে পাঠিয়েছিলে। যারা ভক্তিভরে তাঁর প্রতীক্ষায় রয়েছে, ঊর্ধ্ব থেকে তাদের উপর তোমার স্নেহের অনুগ্রহধারা বর্ষণ কর, আমরা যেন পেতে পারি প্রকৃত মুক্তির পুরস্কার।

২য় সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, আমাদের হৃদয়ে তোমার গৌরবের দীপ্তি উদিত হোক, যেন রাত্রির সমস্ত অন্ধকার বিলীন হলে তোমার একমাত্র পুত্রের আগমনে স্পষ্ট প্রকাশ পায় যে, আমরা আলোর সন্তান।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ জাতি-বিজাতি, প্রভুর বাণী শোন;
℟ পৃথিবীর সকল প্রান্তে তা প্রচার কর।

২য় পর্ব ℣ তিনি তাঁর আপন বাণী ঘোষণা করেন যাকোবের কাছে;
℟ তাঁর সমস্ত বিধি ও সুবিচার ইস্রায়েলের কাছে।

স্মরণ উপলক্ষে, পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ১১:১-২ক**

যেসের মূলকান্ড থেকে এক পল্লব উৎপন্ন হবেন; তার শিকড় থেকে এক নবাঙ্কুর অঙ্কুরিত হবেন। প্রভুর আত্মা—প্রজ্ঞা ও সুবুদ্ধির আত্মা, সুমন্ত্রণা ও পরাক্রমের আত্মা, সুবিবেচনা ও প্রভুভয়ের আত্মা তাঁর উপর অধিষ্ঠান করবে।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।
℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।
℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,
℟ উদিত হবেন প্রভু।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: যেরুসালেম থেকে * জীবনদায়ী জল নির্গত হবে;
তখন প্রভু রাজা হবেন সারা পৃথিবীর উপর।
২য় সপ্তাহ: প্রভু * সকল জাতির জন্য একটা পতাকা উত্তোলন করবেন,
ইস্রায়েলের বিতাড়িত সকলকে জড় করবেন।

মিনতি নিবেদন

প্রাচীনকাল থেকে যিনি তাঁর সৃষ্ট মানবজাতিকে পরিত্রাণের দিকে ডেকে আসছেন, আসুন, সেই পরম পিতার কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, তোমার সন্তানদের রক্ষা কর।

-তুমি তোমার জাতির মাঝে ন্যায়ের বীজ পুঁতবে বলে কথা দিয়েছিলে। তোমার মন্ডলীকে পুণ্য পবিত্র করে রাখ।

-আমাদের হৃদয়দুয়ার খুলে দাও, আমরা যেন তোমার বাণী গ্রহণ করি। খ্রীষ্টবিশ্বাস সাক্ষ্যদানে আমরা যেন তোমার প্রেরণাগুণে সৎসাহসী ও বলীয়ান হতে পারি।

-তোমার পবিত্র আত্মার প্রেমময় সহভাগিতায় আমাদের নিষ্ঠাবান কর, আমরা যেন তোমার পুত্রের আগমন গ্রহণ করে তোমার অনুগ্রহভাজন হয়ে উঠি।

-অধ্যবসায়ে আমাদের ধৈর্যশীল কর, আমরা যেন প্রভু যীশুখ্রীষ্টের পুনরাগমনের দিন পর্যন্ত সজাগ থাকতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **ইসা ৪:২**

সেদিন প্রভুর সেই বীজাঙ্কুর কান্তিতে ও গৌরবে বেড়ে উঠবে; ইস্রায়েলের যারা রেহাই পাবে, তখন দেশভূমির ফল হবে তাদের গর্ব, তাদের ভূষণ।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;
℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন :
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **ইসা ৪:৩**

সিয়োনে যাদের অবশিষ্ট রাখা হবে, যেরুসালেমে যে কেউ বাকি থাকবে, তারা পবিত্র বলে অভিহিত হবে,— অর্থাৎ তারা, যেরুসালেমে জীবিত থাকবে বলে যাদের নাম লেখা আছে।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ন রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **ইসা ৬১:১১**

মাটি যেমন উৎপন্ন করে নতুন নতুন অঙ্কুর, উদ্যান যেমন অঙ্কুরিত করে নতুন নতুন বীজ, প্রভু পরমেশ্বর তেমনি সকল দেশের সামনে অঙ্কুরিত করবেন ধর্মময়তা ও প্রশংসাবাদ।

℣ এসো, প্রভু, আর দেরি নয়;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

১৭ই–২৩শে ডিসেম্বরে
প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতিতে ব্যবহারযোগ্য ধুয়ো

সোমবার

১ম ধুয়ো : ওই দেখ, * পৃথিবীর রাজাদের সর্বোচ্চ রাজা যিনি, সেই প্রভু আসছেন ;
সুখী তারা, যারা তাঁকে বরণ করতে প্রস্তুত।
২য় ধুয়ো : মানবপুত্র * যখন আসবেন,
তিনি তখন পৃথিবীতে কি পাবেন বিশ্বাস?
৩য় ধুয়ো : কালের পূর্ণতা * এবার এসে গেছে :
ঈশ্বর আপন পুত্রকে পৃথিবীতে প্রেরণ করলেন।
৪র্থ ধুয়ো : তিনি আমার ঈশ্বর, * আমি তাঁর গুণগান করব ;
তিনি আমার পিতার পরমেশ্বর, আমি তাঁর বন্দনা করব।
৫ম ধুয়ো : তাঁর পবিত্রধাম থেকে * বেরিয়ে আসবেন প্রভু ;
আসবেন আপন জাতিকে করতে পরিত্রাণ।

মঙ্গলবার

১ম ধুয়ো : হে আকাশমণ্ডল, * ঊর্ধ্ব থেকে শিশিরপাত কর,
মেঘমালা সেই ধর্মাত্মাকে বর্ষণ করুক ;
উন্মোচিত হোক মর্তের মুখ,
ত্রাণকর্তা অঙ্কুরিত হোন।
২য় ধুয়ো : প্রেরণ কর, প্রভু, * বিশ্বপতি সেই মেষশাবককে
প্রান্তরের শৈল থেকে সিয়োন কন্যার পর্বতে।
৩য় ধুয়ো : হে প্রভু, * পৃথিবীতে যেন জ্ঞাত হয় তোমার পথ,
সকল দেশের মাঝে তোমার পরিত্রাণ।
৪র্থ ধুয়ো : যারা * তোমাতে আশা রাখে, প্রভু, তাদের দাও প্রতিদান,
তোমার নবীরা বিশ্বাসযোগ্য বলে প্রতিপন্ন হোন।
৫ম ধুয়ো : মোশী দ্বারা * দেওয়া হল বিধান,
কিন্তু যীশুখ্রীষ্ট দ্বারা ঘটল অনুগ্রহ ও সত্যের আবির্ভাব।

বুধবার

১ম ধুয়ো : নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।
২য় ধুয়ো : প্রভুর আত্মা * আমার উপর অধিষ্ঠিত,
দীনদরিদ্রকে শুভসংবাদ শোনাতে তিনি প্রেরণ করেছেন আমায়।
৩য় ধুয়ো : সিয়োনের খাতিরে * আমি নীরব থাকব না,
যতক্ষণ না উদিত হয় তার সেই ধর্মাত্মার জ্যোতি।
৪র্থ ধুয়ো : ওই দেখ, * প্রভু আসছেন।
নেতৃবৃন্দের সঙ্গে আসন, গৌরবেরই আসন পেতে তিনি আসছেন।
৫ম ধুয়ো : সর্বজাতির কাছে * এ শুভসংবাদ ঘোষণা কর :
'দেখ, আমাদের ত্রাণকর্তা পরমেশ্বর আসছেন।'

বৃহস্পতিবার

১ম ধুয়ো :	সর্বশক্তিমান প্রভু * সিয়োন থেকে আসছেন,
আসছেন তাঁর আপন জাতিকে করতে পরিত্রাণ।

২য় ধুয়ো :	একটু * ফিরে তাকাও, প্রভু,
তোমার দাসদের কাছে আসতে আর দেরি করো না।

৩য় ধুয়ো :	যাঁর রাজত্ব করার কথা, * সিয়োন থেকেই তিনি আসবেন :
সেই প্রভু, সেই ইম্মানুয়েল—মহান তাঁর নাম!

৪র্থ ধুয়ো :	তোমরা * আনন্দের সঙ্গে জল তুলে আনবে
পরিত্রাতার উৎসধারা থেকে।

৫ম ধুয়ো :	প্রভু আমাদের বিধানকর্তা, * প্রভু আমাদের রাজা ;
তিনি আসবেন, করবেন আমাদের পরিত্রাণ।

শুক্রবার

১ম ধুয়ো :	তোমরা * ধৈর্যশীল হও ;
তোমাদের উপর প্রভুর সহায়তা দেখতে পাবে।

২য় ধুয়ো :	তোমার প্রতি, প্রভু,
তুলে ধরেছি আমার প্রাণ :
এসো, আমাকে উদ্ধার কর, প্রভু,
তোমাতেই নিয়েছি আশ্রয়।

৩য় ধুয়ো :	এসো, প্রভু, * আর দেরি নয় ;
ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

৪র্থ ধুয়ো :	উর্দ্ধ থেকেই * আসবেন প্রভু,
সূর্যেরই মত হবে তাঁর প্রভার উদ্ভাস।

৫ম ধুয়ো :	আমি * প্রভুর দিকে চেয়ে দেখব ;
আমার ত্রাণেশ্বরের প্রতীক্ষায় থাকব।

শনিবার

১ম ধুয়ো :	বুঝে নাও তোমরা, * কতই না মহান সেই ব্যক্তি,
যিনি আসছেন সর্বজাতিকে করতে পরিত্রাণ।

২য় ধুয়ো :	তাঁর আধিপত্য * হবে মহাপ্রসারিত,
শান্তি হবে সীমাহীন।

৩য় ধুয়ো :	আমি প্রভু! * আমি আমার ধর্মময়তা কাছে নিয়ে আসছি,
তা দূরে নয়, আমার পরিত্রাণ দেরি করবে না।

৪র্থ ধুয়ো :	বৃষ্টির মতই * প্রভুর বাণী হবে প্রতীক্ষিত ;
শিশিরের মতই আমাদের উপর নেমে আসবেন আমাদের ঈশ্বর।

৫ম ধুয়ো :	ওগো ইস্রায়েল, * প্রভুর আগমনের জন্য প্রস্তুত হও :
তিনি তো আসছেন।

১৭ই ডিসেম্বর

প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতির জন্য বিশেষ ধুয়োগুলো ব্যবহারযোগ্য, পৃঃ ৬৮-৬৯।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, হে মানবজাতির সৃষ্টিকর্তা ও মুক্তিসাধক, তুমি ইচ্ছা করেছিলে: তোমার বাণী নিত্যকুমারী জননীর গর্ভে দেহধারণ করবেন। প্রসন্ন হয়ে আমাদের প্রার্থনা শোন: তোমার একমাত্র পুত্র যখন আমাদের মানবস্বরূপ আপন করে নিয়েছেন, তখন তিনি যেন অনুগ্রহ ক'রে আমাদের সকলকে তাঁর ঐশস্বরূপের সহভাগী করে তোলেন।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব প্র তিনি তাঁর আপন বাণী ঘোষণা করেন যাকোবের কাছে;

উ তাঁর সমস্ত বিধি ও সুবিচার ইস্রায়েলের কাছে।

২য় পর্ব প্র মরুপ্রান্তরে এক কণ্ঠস্বর চিৎকার করে বলে: প্রভুর জন্য পথ প্রস্তুত কর;

উ আমাদের পরমেশ্বরের জন্য রাস্তা সমতল কর।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ১১:১-২ক**

যেসের মূলকাণ্ড থেকে এক পল্লব উৎপন্ন হবেন; তার শিকড় থেকে এক নবাঙ্কুর অঙ্কুরিত হবেন। প্রভুর আত্মা—প্রজ্ঞা ও সুবুদ্ধির আত্মা, সুমন্ত্রণা ও পরাক্রমের আত্মা, সুবিবেচনা ও প্রভুভয়ের আত্মা তাঁর উপর অধিষ্ঠান করবে।

শ্লোক

প্র যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

উ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

প্র তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,

উ উদিত হবেন প্রভু।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: জেনে রেখ, * ঈশ্বরের রাজ্য কাছে এসে গেছে।

আমি তোমাদের সত্যি বলছি: তা আসতে আর দেরি নেই।

মিনতি নিবেদন

প্রাচীনকাল থেকে যিনি তাঁর সৃষ্ট মানবজাতিকে পরিত্রাণের দিকে ডেকে আসছেন, আসুন, সেই পরম পিতার কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, তোমার সন্তানদের রক্ষা কর।

-তুমি তোমার জাতির মাঝে ন্যায়ের বীজ পুঁতবে বলে কথা দিয়েছিলে। তোমার মণ্ডলীকে পুণ্য পবিত্র করে রাখ।

-আমাদের হৃদয়দুয়ার খুলে দাও, আমরা যেন তোমার বাণী গ্রহণ করি। খ্রীষ্টবিশ্বাস সাক্ষ্যদানে আমরা যেন তোমার প্রেরণাগুণে সৎসাহসী ও বলীয়ান হতে পারি।

-তোমার পবিত্র আত্মার প্রেমময় সহভাগিতায় আমাদের নিষ্ঠাবান কর, আমরা যেন তোমার পুত্রের আগমন গ্রহণ করে তোমার অনুগ্রহভাজন হয়ে উঠি।

-অধ্যবসায়ে আমাদের ধৈর্যশীল কর, আমরা যেন প্রভু যীশুখ্রীষ্টের পুনরাগমনের দিন পর্যন্ত সজাগ থাকতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **ইসা ৪:২**

সেদিন প্রভুর সেই বীজাঙ্কুর কান্তিতে ও গৌরবে বেড়ে উঠবে; ইস্রায়েলের যারা রেহাই পাবে, তখন দেশভূমির ফল হবে তাদের গর্ব, তাদের ভূষণ।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;
℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন:
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **ইসা ৪:৩**

সিয়োনে যাদের অবশিষ্ট রাখা হবে, যেরুসালেমে যে কেউ বাকি থাকবে, তারা পবিত্র বলে অভিহিত হবে,— অর্থাৎ তারা, যেরুসালেমে জীবিত থাকবে বলে যাদের নাম লেখা আছে।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: মারীয়া উত্তর দিলেন:
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ন রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **ইসা ৬১:১১**

মাটি যেমন উৎপন্ন করে নতুন নতুন অঙ্কুর, উদ্যান যেমন অঙ্কুরিত করে নতুন নতুন বীজ, প্রভু পরমেশ্বর তেমনি সকল দেশের সামনে অঙ্কুরিত করবেন ধর্মময়তা ও প্রশংসাবাদ।

℣ এসো, প্রভু, আর দেরি নয়;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **১ থে ৫:২৩-২৪**

স্বয়ং শান্তিবিধাতা ঈশ্বর পূর্ণমাত্রায় তোমাদের পবিত্র করে তুলুন। তোমাদের সমস্ত আত্মা, প্রাণ ও দেহ আমাদের প্রভু যীশুখ্রীষ্টের সেই আগমনের জন্য অনিন্দনীয় হয়ে রক্ষিত হোক। যিনি তোমাদের আহ্বান করেন, তিনি বিশ্বস্ত, যা করবেন বলে বললেন, তা অবশ্যই করবেন।

শ্লোক

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,
℟ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : ওগো প্রজ্ঞা, * পরাৎপরের মুখনিঃসৃতই তুমি।
তোমাতেই সমগ্র বিশ্ব পরিপূর্ণ ;
তুমি তো সবকিছু দৃঢ়ভাবে কমোলও ভাবে চালিত কর।
এসো, আমাদের দেখাও সদ্বিবেচনার পথ।

মিনতি নিবেদন

জগৎসৃষ্টির আগে ঐশবাণীরূপে যিনি পিতার সঙ্গে ছিলেন এবং কাল পূর্ণ হলে কুমারী মারীয়ার মধ্য দিয়ে আমাদের মাঝে এলেন, আসুন, ভক্তিভরে সেই প্রভু যীশুকে ডাকি :

এসো, প্রভু, তোমার মণ্ডলীর মধ্য দিয়ে।

-প্রভু কখনও মিথ্যা বলেন না—আসবেনই তিনি! আসুন, তাঁর ব্যাকুল প্রতীক্ষায় থাকি, কারণ তিনি অবশ্যই আসবেন।

-পশমের উপর যেমন বৃষ্টি পড়ে, তেমনি তো নেমে আসবেন প্রভু। তখনই ন্যায় অঙ্কুরিত হবে, তখনই আসবে শান্তি সুখ।

-পৃথিবীর সকল রাজা তাঁকে পূজা করবেন, সকল জাতি তাঁর সেবা করবে। তিনি সকলকে দেখাবেন পিতার কাছে যাবার পথ।

-আমাদের জন্য এক শিশু জন্ম নেবেন, তাঁর নাম রাখা হবে শক্তিশালী ঈশ্বর। তাঁর পিতৃপুরুষ দাউদের সিংহাসনে বসে তিনি হবেন বিশ্বরাজ।

১৮ই ডিসেম্বর

প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতির জন্য বিশেষ ধুয়োগুলো ব্যবহারযোগ্য, পৃঃ ৬৮-৬৯।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, বহু যুগ ধরেই আমরা পাপের জোয়ালে অবনত হয়ে দাসত্বে শৃঙ্খলিত। আশীর্বাদ কর : যেন তোমার একমাত্র পুত্রের প্রত্যাশিত জন্মের নবীনতা গুণে আমরা মুক্তি পেতে পরি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ তোমরা সোজা হয়ে দাঁড়াও, মাথা উচ্চ কর ;
℟ কেননা তোমাদের মুক্তি কাছে এসে গেছে।
২য় পর্ব ℣ হে সেনাবাহিনীর পরমেশ্বর, আমাদের পুনঃপ্রতিষ্ঠিত কর ;
℟ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ রো ১৩:১১-১২

এখন তো তোমাদের ঘুম থেকে জেগে ওঠারই লগ্ন। কেননা সেই যেদিন আমরা প্রথমে বিশ্বাস করেছিলাম, তখনকার চেয়ে আমাদের পরিত্রাণ এখন কাছেই এসে গেছে। রাত শেষ হয়ে যাচ্ছে, দিন কাছে এসে গেছে। তাই অন্ধকারের কাজকর্ম পরিত্যাগ ক'রে, এসো, আলোরই উপযোগী রণসজ্জা পরিধান করি।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,

℟ উদিত হবেন প্রভু।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: যীশুর * মা মারীয়ার
বাগবিবাহ হয়েছিল যোসেফের সঙ্গে;
কিন্তু তাঁরা একসঙ্গে থাকার আগেই দেখা গেল,
মারীয়া গর্ভবতী—পবিত্র আত্মার প্রভাবে।

মিনতি নিবেদন

যাঁরা আমাদের পরিত্রাণকাজের সাধক, আসুন, কৃতজ্ঞতার সঙ্গে আমরা সেই পিতা, পুত্র ও পবিত্র আত্মার প্রশংসাবাদ করি:

ধন্য পরম ত্রিত্ব।

-হে পিতা ঈশ্বর, জাখারিয়ার কাছে তুমি এ শুভসংবাদ জানিয়েছিলে যে, মসীহের অগ্রদূত আসছেন; নারীগর্ভে যাদের জন্ম হয়েছে, তাদের মধ্যে যিনি মহান, সেই তিনি শীঘ্রই জন্মগ্রহণ করবেন।

-হে পরম পিতা, এই কালেই এলিজাবেথ মারীয়াকে উদ্দেশ ক'রে গান করেন: এসো, জ্বলন্ত ঝোপ, এসো, প্রভুর প্রসাদপূর্ণা মঞ্জুষা; নারীকুলে তুমি ধন্যা, কারণ তোমার গর্ভফলই ধন্য।

-হে ঈশ্বরপুত্র, মানবদেহ গ্রহণ করে তুমি আমাদের মত মানুষ হতে চাইলে।

-হে মুক্তিদাতা, আজ তোমার বাণী শুনে ও তোমার দেহরক্ত গ্রহণ করে আমরা তোমাকে একান্ত কাছাকাছি পাব।

-হে পবিত্র আত্মা, তোমার উপস্থিতি কুমারী মারীয়াকে এমন ভাবে পূর্ণ করেছিল, যার ফলে তিনি ঈশ্বরজননী হয়ে উঠেছিলেন।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **রো ১৩:১৩-১৪ক**

এসো, দিনমানের মত উজ্জ্বলভাবে চলাফেরা করি: বেসামাল ভোজ-উৎসব বা মাতলামি নয়, যৌন অনাচার বা উচ্ছৃঙ্খলতা নয়, বিবাদ বা ঈর্ষাও নয়; তোমরা বরং স্বয়ং প্রভু যীশুখ্রীষ্টকেই পরিধান কর।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;

℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন:
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **১ থে ৩:১২-১৩**

প্রভুর অনুগ্রহে, তোমাদের পরস্পরের প্রতি এবং সকলের প্রতি তোমাদের ভালবাসা যেন বেড়ে ওঠে, উথলে ওঠে। আমাদের প্রভু যীশুখ্রীষ্ট যখন তাঁর সকল পবিত্রজনের সঙ্গে আসবেন, তখন তিনি যেন আমাদের ঈশ্বর ও পিতার সামনে তোমাদের হৃদয় পবিত্রতায় সুস্থির ও অনিন্দনীয় করে তোলেন।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু ;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ন রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **২ থে ১:৬,৭,১০**

ঈশ্বরের ন্যায্যতা এতেই প্রকাশ পাচ্ছে: তোমরা যারা এখন এত ক্লেশ ভোগ করছ, তিনি আমাদের সঙ্গে তোমাদেরও আরাম দেবেন সেইদিনে, যেদিন প্রভু যীশু তাঁর পরাক্রান্ত দূতবাহিনীর সঙ্গে স্বর্গ থেকে জ্বলন্ত অগ্নিশিখায় আবির্ভূত হবেন, যেদিন তাঁর পবিত্রজনদের মধ্যে গৌরবান্বিত হবার জন্য ও তাঁর সকল বিশ্বাসীর মধ্যে বিস্ময়ের পাত্র হবার জন্য তিনি আসবেন।

℣ এসো, প্রভু, আর দেরি নয় ;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **ফিলি ৪:৪-৫**

তোমরা প্রভুতে নিত্য আনন্দেই থাক ; আবার বলছি, আনন্দেই থাক। তোমাদের অমায়িকতা সকল মানুষের কাছে জ্ঞাত হোক। প্রভু তো কাছেই এসে গেছেন।

শ্লোক

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,
℟ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : ওগো আধোনাই, * ওগো ইস্রায়েলকুলের অধিনায়ক,
তুমি মোশীর কাছে দেখা দিয়েছিলে জ্বলন্ত আগুনের শিখায়
এবং সিনাই পর্বতে তাঁকে দান করেছিলে বিধান।
এসো, প্রসারিত বাহুতেই আমাদের কর মুক্তিদান।

মিনতি নিবেদন

ধন্য পরম পিতা! তিনি প্রাচীনকাল থেকেই মুক্তিদাতার আগমনের প্রতিশ্রুতি দিয়েছিলেন :

এসো, ইম্মানুয়েল—আমাদের সঙ্গে থাক ঈশ্বর।

-উল্লাস কর, নবী যেরেমিয়া, কারণ যাঁর কথা তুমি বলেছিলে, আমাদের ধর্মময়তা সেই প্রভু এবার আসছেন।

-উল্লাস কর, নবী দানিয়েল, কারণ যাঁর দর্শন তুমি পেয়েছিলে, সেই মানবপুত্র এবার আসন্ন।

-উল্লাস কর, নবী জেফানিয়া, কারণ তোমার ভবিষ্যদ্বাণীতে যাঁর আসার কথা তুমি বলেছিলে, ইস্রায়েলের রাজা সেই প্রভু এখন উপস্থিত।

এসো, ইম্মানুয়েল—আমাদের সঙ্গে থাক ঈশ্বর।

-উল্লাস কর, দীক্ষাদাতা যোহন, তুমি যে বরের বন্ধু, তুমি যে মাতৃগর্ভে থাকতেই তাঁর কথা প্রচার করেছিলে। উল্লাস কর, কারণ যাঁর পথ তুমি প্রস্তুত করেছ, সেই প্রভু এগিয়ে আসছেন।

১৯শে ডিসেম্বর

প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতির জন্য বিশেষ ধুয়োগুলো ব্যবহারযোগ্য, পৃঃ ৬৮-৬৯।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, পবিত্রা কুমারীর প্রসবের মধ্য দিয়ে তুমি বিশ্বজগতে তোমার গৌরবের দীপ্তি প্রকাশ করতে প্রসন্ন হয়েছ। অনুনয় করি: আমরা যেন নির্ভুল বিশ্বাস ও ভক্তিপূর্ণ শ্রদ্ধার সঙ্গেই এই দেহধারণ-মহারহস্য উদ্‌যাপন করতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব *প্র* আমাদের দেখাও, প্রভু, তোমার কৃপা;

উ আমাদের দাও গো তোমার পরিত্রাণ।

২য় পর্ব *প্র* হে প্রভু, আমাদের পরমেশ্বর, আমাদের পুনঃপ্রতিষ্ঠিত কর;

উ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ২:৩**

‘চল, আমরা গিয়ে উঠি প্রভুর পর্বতে, যাকোবের পরমেশ্বরের গৃহে, তিনি যেন আমাদের দেখিয়ে দেন তাঁর মার্গসকল, আর আমরা যেন তাঁর সকল পথ ধরে চলতে পারি।’ কারণ সিয়োন থেকেই বেরিয়ে আসবে নির্দেশবাণী, যেরুসালেম থেকেই প্রভুর বাণী।

শ্লোক

প্র যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

উ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

প্র তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,

উ উদিত হবেন প্রভু।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: এলিয়ের আত্মায় ও পরাক্রমে * তিনি প্রভুর আগে আগে চলবেন
প্রভুর যোগ্য এক জনগণকে প্রস্তুত করার জন্য।

মিনতি নিবেদন

যিনি জীবনেশ্বরের পুত্র, যিনি জ্যোতি-থেকে-জ্যোতি, যিনি আমাদের সকলকে ঐশজ্যোতির্লোকে নিয়ে যাবেন, আসুন, ভক্তিভরে সেই খ্রীষ্ট প্রভুকে ডাকি:

মারানা থা, এসো, প্রভু।

-হে খ্রীষ্ট, তুমি প্রভাতের তারা। তোমার জ্যোতিতে আমাদের অন্ধকার দূর করে দাও, আমাদের সুপ্ত বিশ্বাস জাগরিত কর।

-হে ইম্মানুয়েল, হে আমাদের-সঙ্গে-ঈশ্বর, খ্রীষ্টভক্তদের জীবনাচরণে যেন জগৎ তোমার উপস্থিতি উপলব্ধি করতে পারে।

-হে নবসৃষ্টির স্রষ্টা, এসো এমন নতুন জগৎ সৃষ্টি করতে যেখানে ন্যায় ও শান্তি বিরাজ করতে পারে।

-হে কোমলহৃদয় মুক্তিদাতা, আমাদের অহঙ্কার বিলীন কর, আমাদের হৃদয়-মন নমিত কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ ইসা ১০:২০-২১

সেদিন এমনটি ঘটবে, ইস্রায়েলের অবশিষ্টাংশ ও যাকোবকুলে যারা রেহাই পেয়েছে তারাও বিশ্বস্ততার সঙ্গে ইস্রায়েলের পবিত্রজন সেই প্রভুর উপর ভর করবে। একটা অবশিষ্টাংশ, যাকোবেরই সেই অবশিষ্টাংশ, শক্তিশালী ঈশ্বরের কাছে ফিরে আসবে।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;
℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন:
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ ইসা ১০:২৪,২৭

সেনাবাহিনীর পরমেশ্বর প্রভু একথা বলছেন: 'হে সিয়োন-নিবাসী জাতি আমার, ভয় পেয়ো না। সেদিন এমনটি ঘটবে, তোমার কাঁধ থেকে তার বোঝা, তোমার ঘাড় থেকে তার সেই জোয়াল সরিয়ে দেওয়া হবে।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: মারীয়া উত্তর দিলেন:
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ ইসা ১৩:২২–১৪:১

প্রভুর ক্ষণ এবার কাছে এসে গেছে, তাঁর দিনগুলি প্রসারিত হবে না! প্রভু যাকোবের প্রতি নিজের স্নেহ দেখাবেন এবং ইস্রায়েল পাবে পরিত্রাণ।

℣ এসো, প্রভু, আর দেরি নয়;

℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **ফিলি ৩:২০খ-২১**

আমরা তো পরিত্রাতারূপে প্রভু যীশুখ্রীষ্টেরই প্রতীক্ষায় রয়েছি। যে পরাক্রম গুণে তিনি সমস্ত কিছুই নিজের বশীভূত করতে পারেন, তিনি সেই পরাক্রম দ্বারাই আমাদের হীনাবস্থার এই দেহটি রূপান্তরিত ক'রে তাঁর আপন গৌরবময় দেহের সমরূপ করবেন।

শ্লোক

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,
℟ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : ওগো যেসের মূলকান্ড ;
তুমি তো সর্বজাতির জন্য নিশানা স্বরূপ হয়ে দাঁড়াও।
তোমার সম্মুখে রাজারা নীরব হয়ে পড়বেন,
সর্বজাতি তোমার অন্বেষণ করবে।
এসো, আমাদের মুক্ত কর ; আর দেরি করো না।

মিনতি নিবেদন

যিনি আমাদের পরিত্রাণ করতে আসবেন, আসুন, সেই প্রভুকে ডাকি :

মারানা থা, আমাদের ত্রাণ করতে এসো, প্রভু।

-হে জগৎত্রাতা, সংসারের পাপ থেকে আমাদের মুক্ত কর।

-তুমি পিতার কাছ থেকে এসেছ। আমাদের শেখাও তাঁর কাছে যাওয়ার পথ।

-পবিত্র আত্মার প্রভাবেই ধন্যা মারীয়া গর্ভস্থা হলেন। তোমার বাণী শুনে আমরা যেন সেই পবিত্র আত্মার সৃজনী শক্তি উপলব্ধি করতে পারি।

-যাঁরা ইহজগতে তোমার অন্বেষণ করেছেন, আমাদের সেই সকল পরলোকগত ভাইবোনকে স্বর্গধামে গ্রহণ কর।

২০শে ডিসেম্বর

প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতির জন্য বিশেষ ধুয়োগুলো ব্যবহারযোগ্য, পৃঃ ৬৮-৬৯।

সমাপন প্রার্থনা

হে মহিমময় সনাতন ঈশ্বর, দূতের সংবাদ পেয়ে অমলোদ্ভবা কুমারী মারীয়া তোমার অনির্বচনীয় বাণীকে আপন গর্ভে ধারণ করলেন ও ঈশ্বরের আবাস হয়ে পবিত্র আত্মার আলোয় পরিপূর্ণা হয়ে উঠলেন। আশীর্বাদ কর : আমরাও যেন তাঁর মত বিনম্রতার সঙ্গে তোমার ইচ্ছার প্রতি অনুরক্ত থাকি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ মরুপ্রান্তরে এক কণ্ঠস্বর চিৎকার করে বলে: প্রভুর জন্য পথ প্রস্তুত কর;
℟ আমাদের পরমেশ্বরের জন্য রাস্তা সমতল কর।

২য় পর্ব ℣ হে প্রভু সেনাবাহিনীর পরমেশ্বর, আমাদের পুনঃপ্রতিষ্ঠিত কর;
℟ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ আদি ৪৯:১০

যুদা থেকে রাজদণ্ড যাবে না, তার দু' পায়ের মাঝখান থেকে বিচারদণ্ড যাবে না, যতদিন না তিনি আসেন রাজদণ্ড যাঁর অধিকার, জাতিসকল যাঁর আনুগত্য স্বীকার করবে।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।
℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।
℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,
℟ উদিত হবেন প্রভু।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: গাব্রিয়েল দূত * প্রেরিত হলেন কুমারী মারীয়ার কাছে;
তিনি যোসেফের বাগ্‌দত্তা বধূ ছিলেন।

মিনতি নিবেদন

ঘুম থেকে ওঠার সময় এসেছে; আমাদের পরিত্রাণের দিন কাছে এসে গেছে। আসুন, ভক্তিভরে প্রভুকে ডাকি:

তোমার রাজ্যের আগমন হোক।

-হে প্রভু, আমাদের সাহায্য কর, যেন আমাদের জীবনাচরণে অনুতাপ দেখাতে পারি, ফলে যেন তোমার রাজ্যের আগমন গ্রহণ করতে পারি।

-খ্রীষ্টবাণীর আগমনের জন্য আমাদের হৃদয়-মন প্রস্তুত কর, যেন তাঁর গৌরব আমাদের অন্তরে প্রকাশ পেতে পারে।

তোমার রাজ্যের আগমন হোক।

-গর্ব নমিত করতে শক্তি দাও; আমাদের দুর্বলতা ও নিরাশায় আমাদের সহায়তা কর।

-জাতিতে জাতিতে হিংসা ও বিদ্বেষের যত প্রাচীর ভেঙে দাও। যারা শান্তি প্রতিষ্ঠার জন্য কাজ করে, তাদের প্রচেষ্টা সফল কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **যেরে ২৩:৫**

দেখ, এমন দিনগুলি আসছে—প্রভুর উক্তি—যখন আমি দাউদের জন্য ধর্মময় এক অঙ্কুর উৎপন্ন করব; তিনি প্রকৃত রাজারূপে রাজত্ব করবেন, হবেন সুবুদ্ধিসম্পন্ন, দেশজুড়ে ন্যায় ও ধর্মময়তা অনুশীলন করবেন।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;

℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন:
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **যেরে ২৩:৬**

সেই দিনগুলিতে যুদা পরিত্রাণ পাবে ও ইস্রায়েল ভরসাভরে বসবাস করবে; তিনি এ নামেই আখ্যাত হবেন: 'প্রভু-আমাদের-ধর্মময়তা।'

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু;

℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: মারীয়া উত্তর দিলেন:
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **এজে ৩৪:১৫-১৬**

আমি নিজেই আমার মেষগুলিকে চরাব, আমি নিজেই তাদের শুইয়ে রাখব—প্রভু পরমেশ্বরের উক্তি। যে মেষ পথহারা আমি তাকে খোঁজ করব, যেটা পথভ্রষ্ট তাকে ফিরিয়ে আনব, যেটা ক্ষতবিক্ষত তার ক্ষতস্থান বেঁধে দেব, যেটা দুর্বল তাকে বলবান করব। আমি ন্যায়ের সঙ্গেই তাদের চরাব।

℣ এসো, প্রভু, আর দেরি নয়;

℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **১ করি ১:৭ক,৮-৯**

তোমরা আমাদের প্রভু যীশুখ্রীষ্টের আত্মপ্রকাশের প্রতীক্ষায় রয়েছ। তিনিই তোমাদের শেষ পর্যন্ত সুস্থির করে রাখবেন, যেন তোমরা আমাদের প্রভু যীশুখ্রীষ্টের দিনে অনিন্দ্য হতে পার। যিনি তাঁর আপন পুত্র যীশুখ্রীষ্ট আমাদের সেই প্রভুর সঙ্গে জীবন-সহভাগিতার উদ্দেশে তোমাদের আহ্বান করেছেন, সেই ঈশ্বর তো বিশ্বস্ত।

শ্লোক

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℣ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,

℟ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : ওগো দাউদের চাবি,
ওগো ইস্রায়েলকুলের রাজদণ্ড,
তুমি যা খুলে দাও, কেউই তা বন্ধ করতে পারে না ;
তুমি যা বন্ধ কর, কেউই তা খুলে দিতে পারে না।
যারা বসে আছে অন্ধকারে ও মৃত্যু-ছায়ায়,
এসো, সেই বন্দিদশা থেকে তাদের কর মুক্তিদান।

মিনতি নিবেদন

মানবদেহ ধারণ করায় যিনি আমাদের জন্য স্বর্গের এক জীবন্ত নব-পথ উন্মুক্ত করেছেন, আসুন, সেই সনাতন বাণীর কাছে বিনীত প্রার্থনা নিবেদন করি :

এসো, প্রভু, আমাদের উদ্ধার কর।

-হে প্রভু, তোমার প্রেমেই আমরা সংগঠিত। সাহায্য কর, আমরা যেন আমাদের মাঝে তোমার উপস্থিতি উপলব্ধি করতে পারি।

-তুমি কারও কাছ থেকে দূরে নও। যারা সরল অন্তরে তোমার অন্বেষণ করে, তাদের কাছে নিজেকে প্রকাশ কর।

-যারা দুঃখে ভারাক্রান্ত, যারা অভাবগ্রস্ত, হও তুমি তাদের শক্তি, তাদের সান্ত্বনা।

-হে জীবনেশ্বর, তুমি তো মৃত্যু ঘৃণা কর, জীবনদানেই তুমি প্রীত। আমাদের সকল পরলোকগত ভাইবোনকে অনন্ত অন্ধকার থেকে চিরমুক্তি দান কর।

২১শে ডিসেম্বর

প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতির জন্য বিশেষ ধুয়োগুলো ব্যবহারযোগ্য, পৃঃ ৬৮-৬৯।

সমাপন প্রার্থনা

হে প্রভু, প্রসন্ন হয়ে তোমার জনগণের প্রার্থনা শোন ; মানবদেহে তোমার একমাত্র পুত্রের আগমনের জন্য আমরা যারা আনন্দিত, তাঁর গৌরবময় পুনরাগমনের সময়ে যেন অনন্ত জীবনের পুরস্কার পেতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ হে প্রভু, আমাদের পরমেশ্বর, আমাদের পুনঃপ্রতিষ্ঠিত কর ;
℟ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ।

২য় পর্ব ℣ হে প্রভু, আসুক আমার কাছে তোমার কৃপা ;
℟ তোমার কথা অনুসারে তোমার পরিত্রাণ।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ ইসা ৭:১৪খ-১৫

দেখ, কুমারীটি গর্ভবতী হয়ে একটি পুত্রসন্তান প্রসব করবে, তাঁর নাম রাখবে ইম্মানুয়েল। বালকটি দধি ও মধু খাবে যতদিন যা অমঙ্গল তা অগ্রাহ্য করবার, এবং যা মঙ্গল তা বেছে নেবার জ্ঞান না হয়।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।
℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,
℟ উদিত হবেন প্রভু।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকা
ধুয়ো : ভয় * করো না!
চার দিন পর আমাদের প্রভু তোমাদের কাছে আসবেন।

মিনতি নিবেদন
যিনি আমাদের মাঝে তাঁবু স্থাপন করলেন মানুষ যেন তাঁর গৌরবের দর্শন পায়, আসুন, সেই ঐশবাণী যীশুখ্রীষ্টের কাছে মিনতি জানাই :

হে ইম্মানুয়েল, আমাদের সঙ্গে থাক।

-হে ন্যায়বিধাতা, গরিব ও অত্যাচারিত মানুষের অধিকার রক্ষা কর।

-হে শান্তিরাজ, তুমি যে খড়্গ লাঙলে ও বর্শা কাস্তেতে পরিণত কর, ঘৃণার স্থানে ভালবাসা, প্রতিশোধের স্থানে ক্ষমাই সৃষ্টি কর।

-হে বিশ্ববিচারক, তুমি যে বাইরের চেহারা অনুসারে নয় বরং ন্যায় ও সততার সঙ্গে বিচার কর, এসো, তোমার প্রকৃত শিষ্যদের পুরস্কৃত কর।

-হে চির-অতিথি, তুমি যখন মহাপ্রতাপে মেঘবাহনে পুনরাগমন করবে, তখন আমরা যেন তোমার সামনে নির্ভয়ে দাঁড়াতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ ইসা ২:১১

আদম নিজের উদ্ধত চোখ নত করবে, অবনমিত হবে মানুষের গর্ব ; সেদিন কেবল প্রভুই উন্নীত হবেন।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু ;
℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন :
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন ;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ ইসা ১২:২

সত্যি, ঈশ্বরই আমার পরিত্রাণ, আমি ভরসা রাখব, ভীত হব না ; কারণ প্রভুই আমার শক্তি, আমার স্তবগান, তিনি হলেন আমার পরিত্রাণ।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু ;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ দা ৯:১৯

শোন, প্রভু! ক্ষমা কর, প্রভু! শোন, প্রভু, আমাদের পক্ষসমর্থন কর! হে আমার পরমেশ্বর, তোমার নিজের খাতিরেই আর দেরি করো না, কারণ তোমার আপন জনগণ তোমার আপন নাম বহন করে।

℣ এসো, প্রভু, আর দেরি নয় ;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ ১ করি ৪:৫

নির্দিষ্ট সময়ের আগে তোমরা কোন-কিছুর বিচার করো না, যতদিন না প্রভু আসেন। তিনি অন্ধকারাচ্ছন্ন সবকিছুই আলোতে উদ্ঘাটিত করবেন ও হৃদয়ের যত অভিপ্রায় ব্যক্ত করবেন। আর তখনই প্রতিটি মানুষ ঈশ্বরের কাছ থেকে নিজ নিজ প্রশংসা পাবে।

শ্লোক

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,
℟ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : ওগো * উদীয়মান জ্যোতি,
তুমি শাশ্বত জ্যোতির বিভা, তুমি ন্যায়ের সূর্য।
যারা বসে আছে অন্ধকারে ও মৃত্যু-ছায়ায়,
এসো, তাদের আলো দান কর।

মিনতি নিবেদন

যিনি পাপময় অন্ধকার থেকে আমাদের মুক্ত করেছেন, আসুন, সেই আসন্ন যীশুখ্রীষ্টের কাছে প্রার্থনা করি :

মারানা থা, এসো, প্রভু।

-হে প্রভু, পৃথিবীর সকল জাতি একত্রিত কর ; এ জগতের বুকে তোমার দিব্য শান্তি সঞ্চার কর।

-হে বিশ্বপাপহর, তুমি একদিন এসেছিলে বিশ্বপাপ বিনাশ করতে। আবার এসো, আমাদের পবিত্র করে তোল।

-হে দয়ালু মেষপালক, তুমি একদিন হারানো মেষ উদ্ধার করতে এসেছিলে। আবার এসো, আমাদের প্রতি তোমার দয়া দেখাও।

-হে জীবিত ও মৃতদের বিচারকর্তা, আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার রাজ্যে গ্রহণ কর।

২২শে ডিসেম্বর

প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতির জন্য বিশেষ ধুয়োগুলো ব্যবহারযোগ্য, পৃঃ ৬৮-৬৯।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, মৃত্যুর কবলে পতিত মানুষের দিকে তাকিয়ে তুমি চেয়েছিলে, তোমার একমাত্র পুত্রের আগমন দ্বারাই তুমি তাকে মুক্ত করবে। আশীর্বাদ কর : আমরা যারা বিনীত ভক্তির সঙ্গে তাঁর দেহধারণে বিশ্বাস রাখি, যেন তেমন মুক্তিসাধকের সাহচর্যও লাভ করতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ জাতি-বিজাতি, প্রভুর বাণী শোন ;
℟ পৃথিবীর সকল প্রান্তে তা প্রচার কর।

২য় পর্ব ℣ হে প্রভু, আসুক আমার কাছে তোমার কৃপা ;
℟ তোমার কথা অনুসারে তোমার পরিত্রাণ।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ৪৫:৮**

হে আকাশমণ্ডল, ঊর্ধ্ব থেকে শিশিরপাত কর, মেঘমালা ধর্মময়তা বর্ষণ করুক। উন্মোচিত হোক মর্তের মুখ, অঙ্কুরিত হোক পরিত্রাণ, আর সেইসঙ্গে ধর্মময়তা ফুটে উঠুক।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।
℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।
℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,
℟ উদিত হবেন প্রভু।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : তোমার অভিবাদন * আমার কানে ধ্বনিত হওয়ামাত্র
শিশুটি আমার গর্ভে আনন্দে লাফিয়ে উঠল।

মিনতি নিবেদন

যিনি ঈশ্বরের প্রজ্ঞা ও পরাক্রম, মানুষের ঘরে বাস করা যাঁর আনন্দ, আসুন, আশ্বাসভরে সেই খ্রীষ্টের কাছে প্রার্থনা করি :

আমাদের কাছে থেকো, প্রভু।

-হে প্রভু যীশু, তুমি তোমার ভক্তমণ্ডলীতে অংশ নিতে আমাদের ডেকেছিলে। আশীর্বাদ কর, আমরা যেন সেই আহ্বানে যথাযোগ্যভাবে সাড়া দিই।

-তুমি তো আমাদের মাঝে অচেনা অতিথির মত থাক। কৃপা করে সকল মানুষকে দেখাও তোমার শ্রীমুখের গৌরব।

-আমাদের যা যা আছে, সেইসব তোমারই দান। সাহায্য কর, আমরা যেন অভাবগ্রস্তদের মুক্তহস্তে সাহায্য দান করতে পারি।

আমাদের কাছে থেকো, প্রভু।

-আমরা তোমার আগমনের দিকে চেয়ে আছি। যখন তুমি আসবে, তখন যেন দেখতে পাও, আমরা প্রার্থনায়

জাগ্রত, তোমার স্তুতিগানে মুখর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **মিখা ৫:৩-৪ক**

তিনি দাঁড়িয়ে তাঁর আপন মেষপালকে প্রভুর শক্তিতেই, তাঁর পরমেশ্বর প্রভুর নামের মহিমায়ই পালন করবেন। তারা তখন পূর্ণ ভরসায় বাস করবে, কারণ তিনি মহান হবেন পৃথিবীর শেষপ্রান্ত পর্যন্ত। আর তিনি নিজেই হবেন শান্তি।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু ;
℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন :
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন ;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **হগয় ২:৬,৯**

আর অল্পকাল, তারপর আমি আকাশ ও পৃথিবী, সমুদ্র ও স্থলভূমি কাঁপিয়ে তুলব। এ গৃহের প্রাচীন গৌরবের চেয়ে ভাবী গৌরব মহৎ হবে—একথা বলছেন সেনাবাহিনীর প্রভু।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু ;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **মালাখি ৩:২০**

আমার নাম ভয় কর যে তোমরা, তোমাদের জন্য উদিত হবেন ধর্মময়তার সেই সূর্য, যাঁর রশ্মিতে থাকবে আরোগ্যদান। তোমরা তখন বেরিয়ে পড়ে গোশালার বাছুরের মত লাফ দিতে লাগবে—একথা বলছেন সেনাবাহিনীর প্রভু।

℣ এসো, প্রভু, আর দেরি নয় ;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **যাকোব ৫:৭-৮,৯খ**

ভাই, প্রভুর আগমনের দিন পর্যন্ত ধৈর্য ধর। দেখ, কৃষক ভূমির মূল্যবান ফসলের প্রতীক্ষায় থাকে, এই ব্যাপারে সে অধৈর্য হয় না, যে পর্যন্ত আশুপক্ব ও শেষপক্ব সবই ফল সংগ্রহ না করে। তোমরাও তেমনি ধৈর্যশীল হও, অন্তর সুস্থির কর, কেননা প্রভুর আগমনের দিন সন্নিকট ; বিচারকর্তা দরজায় দাঁড়িয়ে আছেন।

শ্লোক

℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℟ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,

℣ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : ওগো সর্বজাতির রাজা, * সকলের আকাঙ্ক্ষিতই তুমি।
তুমিই সেই সংযোগপ্রস্তর যা সকলকে একত্রিত করে।
মাটি থেকে যাকে তুমি গড়েছ,
এসো, সেই মানুষকে কর পরিত্রাণ।

মিনতি নিবেদন

যারা মৃত্যু-ছায়ায় বসে আছে, তাদের কাছে নবীদের প্রতিশ্রুত যে আলো, আসুন, সেই খ্রীষ্টের কাছে সমস্বরে মিনতি জানাই :

মারানা থা, এসো, প্রভু।

-হে ঈশ্বরের বাণী, তুমি আদিতে সবকিছু সৃষ্টি করেছিলে এবং কালের পূর্ণতায় আমাদের মানবীয় স্বরূপ ধারণ করেছিলে। এবার পাপ ও মৃত্যু থেকে আমাদের উদ্ধার করতে এসো।

-তুমিই সেই সত্যকার আলো, মানবকুলের উপর যার উদ্ভাস : আমাদের অন্ধকার বিলীন করতে এসো।

-তুমি তো পিতার হৃদয়মন্দিরে বাস কর : পিতার পরিত্রাণদায়ী প্রেমের কথা আমাদের জানাতে এসো।

-তুমি হিংসা ও বিভেদের যত বাধা ধ্বংস করেছ : যাঁরা পরলোকে গমন করেছেন, তাঁদের জন্য মুক্তি ও জীবনের প্রবেশদ্বার খুলে দাও।

২৩শে ডিসেম্বর

প্রভাতী বন্দনা ও সন্ধ্যারতির জন্য বিশেষ ধুয়োগুলো ব্যবহারযোগ্য, পৃঃ ৬৮-৬৯।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তোমার পুত্রের মানবজন্মের শুভলগ্ন এবার সন্নিকট ; তাই মিনতি জানাই : যিনি কুমারী মারীয়ার গর্ভে মানুষ হয়ে আমাদের মাঝে বাস করতে প্রসন্ন হলেন, সেই বাণী যীশুখ্রীষ্ট যেন তোমার এ অযোগ্য সন্তানদের প্রতি করুণা দেখান।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℟ তিনি তাঁর আপন বাণী ঘোষণা করেন যাকোবের কাছে ;

℣ তাঁর সমস্ত বিধি ও সুবিচার ইস্রায়েলের কাছে।

২য় পর্ব ℟ তোমরা সোজা হয়ে দাঁড়াও, মাথা উচ্চ কর ;

℣ কেননা তোমাদের মুক্তি কাছে এসে গেছে।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **যেরে ৩০:২১,২২**

তাদের নেতা তাদেরই মধ্যে একজন হবেন; তাদেরই মধ্য থেকে উৎপন্ন এক ব্যক্তি হবেন তাদের শাসনকর্তা। আমি তাঁকে কাছে আনব, আর তিনি আমার কাছে আসবেন। তোমরা হবে আমার আপন জনগণ আর আমি হব তোমাদের আপন পরমেশ্বর।

শ্লোক

℣ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

℣ তোমার উপর প্রকাশ পাবে তাঁর গৌরব,

℟ উদিত হবেন প্রভু।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ যেরুসালেম, তোমার উপর * উদিত হবেন প্রভু।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: দেখ, * স্বর্গদূত কুমারী মারীয়াকে যা প্রতিশ্রুতি দিয়েছিলেন,
সেই সবকিছু পূর্ণতা লাভ করেছে।

মিনতি নিবেদন

যিনি আপন পুত্রের মধ্য দিয়ে মানবজাতির কাছে আপন গৌরব প্রকাশ করলেন, আসুন, আনন্দের সঙ্গে সেই পরম পিতাকে ডাকি:

আব্বা, পিতা, দয়া কর।

-তুমি আনন্দের বার্তা আমাদের দান করেছ। আশীর্বাদ কর: আমাদের দ্বারা জগৎ যেন তোমার পুত্রের পরিত্রাণদায়ী আগমনের শুভসংবাদ পেতে পারে।

-কৃপা কর, যেন যেইভাবে তুমি তোমার পুত্রকে দান করে আমাদের ভালবেসেছ, তেমনি আমরাও যেন আত্মদান করে একে অপরকে ভালবাসতে পারি।

-সহায়তা কর, যেন তোমার পুত্র যীশুখ্রীষ্টের আগমনে মণ্ডলী নবরূপায়িত হয়ে মানবজাতির কল্যাণে আত্মনিবেদন করে।

-যাঁরা খ্রীষ্টবিশ্বাসের কারণে অত্যাচারিত, তুমি তাঁদের অন্তরে শক্তি যোগাও, তাঁরা যেন অকুতোভয়ে তোমার পুত্রের সাক্ষ্য বহন করতে পারেন।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **যেরে ২৯:১১,১৩**

আমি তো জানি তোমাদের জন্য কী কী পরিকল্পনা করেছি—প্রভুর উক্তি—, শান্তিরই পরিকল্পনা, অমঙ্গলের পরিকল্পনা নয়, যেন তোমাদের দিতে পারি একটা ভবিষ্যৎ, একটা আশা। তোমরা আমার অন্বেষণ করবে, আর তখনই আমাকে পাবে যখন সমস্ত হৃদয় দিয়ে আমার অনুসন্ধান করবে।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;

℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন:
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **যেরে ৩০:১৮**

প্রভু একথা বলছেন: 'দেখ, আমি যাকোবের তাঁবুগুলি পুনঃপ্রতিষ্ঠিত করবই করব; তার আবাসের প্রতি করুণা দেখাব।'

℟ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু;
℣ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: মারীয়া উত্তর দিলেন:
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **বারুক ৩:৫-৬ক**

আমাদের পিতৃপুরুষদের শঠতা স্মরণে রেখো না; এখন বরং স্মরণে রেখ তোমার প্রতাপ ও তোমার নাম; তুমিই তো আমাদের ঈশ্বর প্রভু।

℟ এসো, প্রভু, আর দেরি নয়;
℣ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।

সন্ধ্যারতি

বাণী পাঠ **২ পি ৩:৮খ-৯**

প্রভুর কাছে একটি দিন হাজার বছরেরই সমান, এবং হাজার বছর একটি দিনেরই সমান। প্রতিশ্রুতির ব্যাপারে প্রভু দেরি করেন না—যদিও কেউ কেউ মনে করে, তিনি দেরি করছেন। আসলে তোমাদের প্রতি তিনি অসীম সহিষ্ণুতা দেখাচ্ছেন: কেননা তাঁর মঙ্গল-ইচ্ছা এই নয় যে, কেউ বিনষ্ট হবে, বরং সকলে যেন মনপরিবর্তন করার একটা সুযোগ পায়।

শ্লোক

℟ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℟ শ্রীমুখ উজ্জ্বল করে তোল, তবেই আমরা পাব পরিত্রাণ,
℣ হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।
℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℣ আমাদের ত্রাণ করতে এসো, * হে প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: ওগো ইম্মানুয়েল, * ওগো আমাদের রাজা ও শাসনকর্তা,
তুমিই সর্বজাতির প্রত্যাশা, তুমিই সকলের পরিত্রাতা।
এসো, আমাদের পরমেশ্বর প্রভু,
এসো, আমাদের কর পরিত্রাণ।

মিনতি নিবেদন

যিনি দীনদরিদ্রের কাছে শুভসংবাদ জানাতে এসেছেন, আসুন, আশ্বাস নিয়ে আমাদের সেই মুক্তিদাতার কাছে মিনতি নিবেদন করি :

মারানা থা, এসো, প্রভু।

-যারা তোমাকে কখনও দেখেনি, তারা যেন তোমার পরিত্রাণদায়ী শক্তি দেখতে পায়।

-তোমার কথা পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্তই প্রচারিত হোক, সকলে যেন তোমার কাছে যাবার পথ খুঁজে পায়।

-তুমি জগৎকে মুক্তি দিয়েছ। তোমাকে আঁকড়িয়ে ধরেই জগৎ যেন সেই মুক্তি রক্ষা করে।

-যাঁরা তোমাতে বিশ্বাস রেখে ইহলোক ত্যাগ করেছেন, তাঁদের দান কর চিরন্তন শান্তিসুখ।

২৪শে ডিসেম্বর

সমাপন প্রার্থনা

হে প্রভু যীশু, আর দেরি নয়, শীঘ্রই এসো! যারা তোমার করুণার উপর আস্থা রাখে, তারা যেন তোমার আগমনে সান্ত্বনা ও নতুন আশায় উদ্দীপিত হতে পারে।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ তোমরা সোজা হয়ে দাঁড়াও, মাথা উচ্চ কর ;
℟ কেননা তোমাদের মুক্তি কাছে এসে গেছে।

২য় পর্ব ℣ মরুপ্রান্তরে এক কণ্ঠস্বর চিৎকার করে বলে : প্রভুর জন্য পথ প্রস্তুত কর ;
℟ আমাদের পরমেশ্বরের জন্য রাস্তা সমতল কর।

প্রভাতী বন্দনা

১ম ধুয়ো : ওগো যুদেয়া, * ওগো যেরুসালেম,
তোমরা ভয় করো না :
আগামী দিন তোমরা বেরিয়ে যাবে,
তখন প্রভু তোমাদের সঙ্গে থাকবেন। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : যুদা দেশের * হে বেথলেহেম,
তুমি আদৌ হীনতম নগর নও,
কারণ তোমা থেকেই বের হবেন এক জননেতা,
যিনি আমার জনগণ ইস্রায়েলকে প্রতিপালন করবেন।
৩য় ধুয়ো : আজ * তোমরা জানতে পারবে যে প্রভু আসছেন।
প্রভাতেই দেখতে পাবে তাঁর গৌরব।
৪র্থ ধুয়ো : আসবেনই প্রভু! * তাঁর কাছে ছুটে গিয়ে বল :
'তাঁর উদ্ভব মহান, তাঁর রাজ্য হবে অন্তহীন :
ঈশ্বর, শক্তিশালী, শাসনকর্তা, শান্তিরাজ,
আল্লেলুইয়া, আল্লেলুইয়া।'
৫ম ধুয়ো : আগামী দিন * তোমরা পাবে পরিত্রাণ,
একথা বলছেন প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর।

বাণী পাঠ **ইসা ১১:১-২ক**

যেসের মূলকান্ড থেকে এক পল্লব উৎপন্ন হবেন; তার শিকড় থেকে এক নবাঙ্কুর অঙ্কুরিত হবেন। প্রভুর আত্মা—প্রজ্ঞা ও সুবুদ্ধির আত্মা, সুমন্ত্রণা ও পরাক্রমের আত্মা, সুবিবেচনা ও প্রভুভয়ের আত্মা তাঁর উপর অধিষ্ঠান করবে।

শ্লোক

℣ আগামী দিন * পৃথিবীর অপরাধ বিলুপ্ত হবে।
℟ আগামী দিন * পৃথিবীর অপরাধ বিলুপ্ত হবে।
℣ আমাদের উপর জগৎত্রাতাই রাজত্ব করবেন।
℟ পৃথিবীর অপরাধ বিলুপ্ত হবে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আগামী দিন * পৃথিবীর অপরাধ বিলুপ্ত হবে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: জগৎত্রাতা * সূর্যের মতই উদিত হবেন;
আবার তিনি নবীন ঘাসের উপর বর্ষার মতই
কুমারীর গর্ভে অবতীর্ণ হবেন,
আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

প্রাচীনকাল থেকে যিনি তাঁর সৃষ্ট মানবজাতিকে পরিত্রাণের দিকে ডেকে আসছেন, আসুন, সেই পরম পিতার কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, তোমার সন্তানদের রক্ষা কর।

-তুমি তোমার জাতির মাঝে ন্যায়ের বীজ পুঁতবে বলে কথা দিয়েছিলে। তোমার মন্ডলীকে পুণ্য পবিত্র করে রাখ।

-আমাদের হৃদয়দুয়ার খুলে দাও, আমরা যেন তোমার বাণী গ্রহণ করি। খ্রীষ্টবিশ্বাস সাক্ষ্যদানে আমরা যেন তোমার প্রেরণাগুণে সৎসাহসী ও বলীয়ান হতে পারি।

-তোমার পবিত্র আত্মার প্রেমময় সহভাগিতায় আমাদের নিষ্ঠাবান কর, আমরা যেন তোমার পুত্রের আগমন গ্রহণ করে তোমার অনুগ্রহভাজন হয়ে উঠি।

-অধ্যবসায়ে আমাদের ধৈর্যশীল কর, আমরা যেন প্রভু যীশুখ্রীষ্টের পুনরাগমনের দিন পর্যন্ত সজাগ থাকতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীরা * বলে গেছিলেন,
ত্রাণকর্তা কুমারী মারীয়ার গর্ভে জন্ম নেবেন।

বাণী পাঠ **ইসা ৪:২**

সেদিন প্রভুর সেই বীজাঙ্কুর কান্তিতে ও গৌরবে বেড়ে উঠবে; ইস্রায়েলের যারা রেহাই পাবে, তখন দেশভূমির ফল হবে তাদের গর্ব, তাদের ভূষণ।

℣ জাতি-বিজাতি তোমার নাম শ্রদ্ধা করবে, প্রভু;
℟ তোমার গৌরব শ্রদ্ধা করবেন পৃথিবীর সকল রাজা।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন :
'আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন ;
নারীকুলে তুমি ধন্যা।'

বাণী পাঠ **ইসা ৪:৩**

সিয়োনে যাদের অবশিষ্ট রাখা হবে, যেরুসালেমে যে কেউ বাকি থাকবে, তারা পবিত্র বলে অভিহিত হবে,— অর্থাৎ তারা, যেরুসালেমে জীবিত থাকবে বলে যাদের নাম লেখা আছে।

℣ তোমার জাতির প্রতি প্রসন্ন হয়ে আমাদের স্মরণে রেখ, প্রভু ;
℟ তোমার পরিত্রাণদানে আমাদের দেখতে এসো।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : মারীয়া উত্তর দিলেন :
'আপনার এই অভিবাদনের অর্থ কি? আমার অন্তর বিচলিত।
আমার কুমারীত্ব অক্ষুণ্ণ রেখে আমি হব রাজার জননী।'

বাণী পাঠ **ইসা ৬১:১১**

মাটি যেমন উৎপন্ন করে নতুন নতুন অঙ্কুর, উদ্যান যেমন অঙ্কুরিত করে নতুন নতুন বীজ, প্রভু পরমেশ্বর তেমনি সকল দেশের সামনে অঙ্কুরিত করবেন ধর্মময়তা ও প্রশংসাবাদ।

℣ এসো, প্রভু, আর দেরি নয় ;
℟ ক্ষমা কর তোমার জনগণের অপরাধ।